# সেই দিন কালভেরীতে

ধন্যবাদ, ভাই নেভিল। [ভাই নেভিল বলেন, "ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, ভাই।"—সম্পাদকীয়।] ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, ভাই নেভিল। আপনাকে অনেক ধন্যবাদ।

2 সুপ্রভাত, বন্ধুরা। আজ সকালে আবার এখানে ট্যাবারনাকেলে উপস্থিত হওয়া, একটি সৌভাগ্যের বিষয়, প্রভুর সেবা করার জন্য, বাক্য প্রচারের মাধ্যমে এবং অসুস্থদের জন্য প্রার্থনা করার মাধ্যমে। আমি এই দিনটির জন্য খুব কৃতজ্ঞ।

3 আমি বিস্মিত হয়েছিলাম, ঠিক যখন আমি ভিতরে আসি। একজন ভাই উঠে এসে বললেন, "সুস্থ হয়ে ওঠা অযোগ্য কুষ্ঠরোগীর মত আমি হতে চাই না।" তিনি ছিলেন ভাই রাইট। আমি তার জন্য প্রার্থনা করেছিলাম, আর প্রভু তাকে সম্পূর্ণরূপে সুস্থ করেছেন। আর তিনি কাঁদতে কাঁদতে আমার সঙ্গে হাত মিলাতে এসে বললেন তাকে—তাকে সুস্থ করার জন্য তিনি—তিনি প্রভুকে ধন্যবাদ জানাতে চান। তিনি ফিরে এসে ধন্যবাদ দিতে চেয়েছিলেন। এটি চলে গেছে। তিনি—তিনি এখন পুরোপুরি সুস্থ হয়ে গেছেন। আমরা সেই সাক্ষ্যের জন্য কৃতজ্ঞ।

4 এবং চার্লি, আপনি আর ভাই জেফ্রিস, যদি আপনি চান, এখানে আসুন আর এখানে এই আসনগুলি গ্রহন করুন। আপনাদেরকে স্বাগত জানানো হয়েছে, যাতে আপনাদের দাঁড়াতে না হয়। সেখানে আরেকজন ভাই, ভাই উড, এখানে চলে আসুন। আপনি...এখানে বেঞ্চে কিছু জায়গা রয়েছে, আপনাকে সেখানে দাঁড়াতে হবে না। আমি বিশ্বাস করি, এখানে কয়েকটি জায়গা রয়েছে, আর, হ্যাঁ, আপনারা এই স্থানগুলি নিতে পারেন।

5 আমরা আনন্দিত...আমি বিশ্বাস করি এটা একবার বলা হয়েছিল, "তারা আমাকে যখন বলল, আমি খুশি হয়েছিলাম..." ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, ভাই। [একজন ভাই বলেন, "সর্বদা প্রচারকের কাছাকাছি থাকতে পছন্দ করি।"—সম্পাদকীয়।] আপনাকে ধন্যবাদ। ধন্যবাদ, ধন্যবাদ। "আমি খুশি হয়েছিলাম যখন তারা আমাকে বলল, চল আমরা প্রভুর ঘরে যাই।" এটাই খ্রিস্টানদের বিশেষত্ব ও আনন্দ, প্রভুর ঘরে যাওয়া।

6 চারপাশে, আজ সকালে, আমার অনেক মিত্রদের দেখে, আমি অত্যন্ত উচ্ছ্বসিত। ওহিও থেকে এখানে ভাই ও বোন ডাউচকে

দেখে আমি আনন্দিত। আমি ওহিও থেকে ভাই ও বোন আর্মস্ট্রংকে সেখানে দেখতে পাচ্ছি। ঈশ্বর আপনাদের সকলকে আশীর্বাদ করুন। আর, ওহ, চারপাশে দেখে, আমি অনেককে দেখতে পাচ্ছি, তাদের সকলের নাম বলা কঠিন। বোন হুভার, আজ সকালে কেন্টাকিতে আপনাকে দেখে আমরা আনন্দিত। আর চার্লি ও নেলি, ভাই জেফ্রিস এবং তার পরিবার, আর শহরের বাইরে থেকে অনেক লোক এখানে এসেছেন।

7 তাই আমরা আজ সকালে প্রভুতে একটি খুব সুন্দর সময়ের প্রত্যাশা করছি, আশা করছি, আমাদের আত্মাকে আশীর্বাদ করার জন্য এবং আমাদের প্রয়োজনীয় বিষয়গুলি প্রদান করার জন্য ঈশ্বর আমাদের সাথে দেখা করবেন।

8 যেমন আমি স্থানটির চারপাশে দেখি, যদি আমি এখানে আমার সমস্ত বন্ধুদের নাম নিতে যাই, সকলের নাম বলতে গেলে আমি বেশিরভাগ সকালের সময় নিয়ে নিব। মণ্ডলীতে ফিরে এসে, সবাইকে দেখতে পাওয়া ও সাক্ষাৎ করার জন্য আমি ভাল বোধ করছি।

9 আমরা যখন স্বর্গে যাবো তখন কী হবে, আমরা সেখানে অনন্তকালের সেই মহান সময়ের মিলিত হব, একসাথে অনন্ত সহভাগিতায়, ঈশ্বরের সিংহাসনের পাশে, আর আমরা সকলেই যে আশীর্বাদ উপভোগ করেছি? আমরা, সেখানে, তাঁর সদৃশ্যে এবং তাঁর স্বরূপে তৈরি হব, এবং তাঁর আত্মা আমাদের উপর অবস্থান করবে, অনন্তকাল ধরে তাঁর আরাধনা ও সেবাকার্য করার জন্য, কখনই ক্লান্ত হব না।

10 ভাবুন, এমন কিছুই নেই যা আপনি চিন্তা করতে পারেন, যা আপনি করতে চান, কিন্তু একসময় যখন আপনি এটা করতে ক্লান্ত হয়ে পড়তেন। চার্লি, আমি অনুমান করি আমরা কাঠবিড়ালি শিকার করতে সবথেকে বেশি পছন্দ করি, কিন্তু, আপনারা জানেন, আমরা এটি করতে ক্লান্ত হয়ে পড়ি।

11 আর আমি—আমি পাহাড়ে উঠতে—উঠতে পছন্দ করি। কিন্তু আমি কখনও কখনও ক্লান্ত হয়ে পড়ি, আপনি অন্য কিছু করতে চান।

12 আর আমি গাড়ি চালাতে পছন্দ করি। কখনও কখনও আমি একধরনের ক্লান্ত এবং জীর্ণ বোধ করি, আর অনুভূতিহীন হয়ে পড়ি। আমি শুধু আমার গাড়িতে বসে, স্টিয়ারিং হুইল ধরে রাস্তায় চলতে থাকি, "আমি খুব খুশি, এই বলতে পেরে যে আমি তাদের একজন," গাইতে গাইতে, অথবা অন্যকিছু। স্টিয়ারিং হুইল ধরে,

পায়ে তাল বাজিয়ে, চিৎকার করে গান গাইতে গাইতে। আর, ঠিক আছে, কিছুক্ষণ পরে, আমি ক্লান্ত হয়ে পড়ি, তখন আমি বাড়ি ফিরে অন্য কিছু শুরু করি।

13 কিন্তু যখন আমরা সেই নতুন রাজ্যে ঈশ্বরের আরাধনা করবো, তখন আর কখনও ক্লান্তি আসবে না, এটি—এটি অবিরাম একটি আশীর্বাদ হবে। তবে, অবশ্যই, আমরা তখন পরিবর্তিত হব। আমরা এখনকার মতো থাকব না। আমরা ভিন্ন, আমরা এখন যা আছি তার থেকে ভিন্ন প্রাণী হব। তাই, আমরা আনন্দিত।

14 আমি ভাবছিলাম। আমি জানি না আমি কখনও এটি উদ্ধৃত করেছি কি না। ভাই চার্লি, কিছুক্ষণ আগে, আমি তার সাথে কেন্টাকিতে ছিলাম, আর তিনি বলছিলেন, “ভাই ব্রানহাম, আপনি কি মনে করেন, সহস্রাব্দে, আমি আর আপনি কাঠবিড়ালি শিকার করব ?”

আমি বললাম, “আমি তা মনে করি না, চার্লি।”

15 বললেন, “ঠিক আছে, আমরা এটি করতে খুব পছন্দ করি,” বললেন, “আপনি—আপনি কি মনে করেন আমরা সেটা করবো যখন আমরা সহস্রাব্দে প্রবেশ করি ?”

আমি বললাম, “না, সহস্রাব্দে কিছুই নিহত হবে না।”

সে বলল, “ঠিক আছে, আমরা এটা পছন্দ করি।”

16 আমি বললাম, “চার্লি, যদি আমি আপনাকে বলি যে একসময় আপনি একটি শূকর ছিলেন, আর আপনাকে একটি উচ্চতর সত্ত্বায় নিয়ে আসা হয়েছে, মানুষ হওয়ার জন্য ? আপনি কি পুনরায় ফিরে গিয়ে একটি শূকরের আনন্দ উপভোগ করতে চান ?”

বললেন, “না।”

17 আমি বললাম, “দেখুন, আপনি শূকরের চেয়ে অনেক বেশি উর্দ্ধে হবেন, এখন, আপনি একজন মানুষ, আপনি আর কখনও শূকর হতে চান না।” আমি বললাম, “এখন এটিকে দশ হাজার দ্বারা গুণ করুন, এটি আপনি হবেন, যখন এখান থেকে আপনি পরিবর্তিত হবেন। আপনি আর কখনো মানুষ হতে চাইবেন না।”

18 সেটা ঠিক। এটা ভিন্ন কিছু হবে। এই চিন্তার জন্য আমি খুব খুশি, এই জেনে যে একদিন আমরা আরও উপরে উঠব।

19 ঠিক আছে, এখন, যদি প্রভুর ইচ্ছা হয়, আগামী রবিবার, যা... তারপর আমি একজন বন্ধুর সাথে ওয়াইমিং-এ চলে যাব; অথবা

আমার একজন বন্ধুর সাথে আইডাহোতে, খ্রীষ্টান বিজনেস ম্যান ভাই মাইনার আরগানব্রাইট, ভাই ক্লেট সোনমোর এর সঙ্গে।

20 এখন, পরের সপ্তাহে, পরের সপ্তাহে; ৭ তারিখে, আমি টেক্সাসের ডালাসে, ভয়েস অফ হিলিং কনভেনশন—কনভেনশনে থাকব। আর ৭ তারিখ আমার বার্তা প্রদান করার রাত। তারপরে ভাই আরগানব্রাইট এবং খ্রীষ্টান বিজনেস ম্যানদের সাথে আইডাহোতে যাওয়ার জন্য আমি ফিরে আসব। আর হয়তো যাওয়ার আগে আমরা মিনিয়াপলিসে এক রাত থাকতে পারি। আর একটি খ্রীষ্টান বিজনেস ম্যানদের প্রাতঃরাশে।

21 যদি প্রভু চান, পরের রবিবার সকালে আমি আবার এখানে ট্যাবারনাকেলে ফিরে আসতে চাই, যদি তা অনুমোদিত হয় এবং প্রভুর ইচ্ছা হয়। আর আমি *বাতাসে ঘূর্ণিবায়ু*, এই বিষয়ে কথা বলতে চাই, যদি প্রভু চান। এটা সারা সপ্তাহে ধরে আমার হৃদয়ে ছিল।

22 আর অন্যদিন সকালে, খুব ভোরে, ভোর চারটার দিকে, আমি জেগে উঠলাম এবং আমি এই ভাবনাটি পাই, "সেই দিন কালভেরীতে।" আর আমি সেই বিষয়ে আজ সকালে কথা বলতে চাই: *সেই দিন কালভেরীতে।*

23 আর এখন এই পাঠের জন্য, আসুন এখন আমরা আমাদের বাইবেল নিই, মথি লিখিত সুসমাচার তার ২৭ অধ্যায়। আর আমরা ২৭তম পদ দিয়ে শুরু করব আর এই বাক্যের একটি অংশ পাঠ করবো, একটি পটভূমি তৈরী করার জন্য, আর তারপর আমরা শুরু করব। বার্তা প্রচারের পরে, আমরা অসুস্থদের জন্য প্রার্থনা করতে যাচ্ছি।

24 আর, ওহ, এখানে শেষবারের পর, আমার নতুন ধরনের সেবাকার্যে, এটা নিয়ে আসছি। দীর্ঘ সময় ধরে অন্যান্য সভার থেকে, আমার কাছে এই সভা থেকে, অধিক সাক্ষ্য এসেছিল।

25 সেখানে এই বিষয়ে কিছু রয়েছে, আপনাকে সেই ব্যক্তির সাথে যোগাযোগ করা উচিত, নির্বিশেষে কত অলৌকিক ঘটনা ঘটেছে। কিন্তু, দেখুন, নিরাময় ব্যক্তির বিশ্বাসের উপর নির্ভর করে। এখন, যদি ব্যক্তির বিশ্বাস থাকে...

26 এবং তারা দেখতে পায়, যেমন, পবিত্র আত্মা শ্রোতাদের উপরে অবস্থান করে বলেন, "*অমুক-অমুক* বিষয় ঘটেছে। আর, তার *অমুক-অমুক* নাম। আর আপনি *এই* স্থান থেকে এসেছেন। আর আপনি *এই* কাজটি করেছেন। আর *এটি* এই ভাবে হবে।" আর এগুলি সব ঠিক সেইভাবেই ঘটতে দেখেন!

27 তবুও, সেই ব্যক্তিটিকে, সেখানে বসে, উপরে তাকিয়ে বলা উচিত, "সেটি ঈশ্বর হতে হবে। আমি আমার নিরাময় গ্রহণ করি।"

28 কিন্তু, তার পরিবর্তে, সেই ব্যক্তি বলে, "আমার উপর হাত রাখুন আর আমার জন্য প্রার্থনা করুন, যাতে আমি সুস্থ হয়ে উঠি।" এখানে আমেরিকায় আমাদের এভাবে শেখানো হয়, আর তাই, এটি বিশ্বাস করার জন্য। আর এটা অবশ্যই শাস্ত্রীয়।

29 কিন্তু এখন আমরা আফ্রিকাতে এবং বিভিন্ন জায়গায় দেখতে পাই, ঠিক সেইরকম কিছু ঘটতে দিন, সকল শ্রোতারা একসাথে তাদের আরোগ্য গ্রহণ করার জন্য চলে আসে, কারণ তাদের কিছুই শেখানো হয়নি। দেখুন? এমনকি তাদের আরোগ্যকরণের বিষয়ে শেখানো হয়নি। আর যখন তারা তা দেখতে, তারা জানতে পারে যে একজন ঈশ্বর আছেন যিনি জীবিত। "আর যদি তিনি জীবিত থাকেন, তিনি—তিনি পরম, আর তিনি—তিনি আরোগ্যপ্রদান করেন।" এটাই, কারণ ভিত্তি ইতিমধ্যে স্থাপন করা হয়েছে, ভিত্তিসমূহ, যে তিনি একজন আরোগ্যপ্রদানকারী, আর লোকদের আরোগ্যপ্রদান করেন। তারপর যখন তারা তাঁর উপস্থিতি তাঁর মণ্ডলীর মধ্যে কাজ করতে দেখেন, তখন তারা বলেন, "এটা নিষ্পত্তি হয়েছে। এটাই আমাদের প্রয়োজন।"

30 কিন্তু আমাদের শেখানো হয়েছে, "অসুস্থদের উপর হাত রাখা," ইত্যাদি বিষয়গুলি। এই কারণেই এটি আমেরিকাতে এত ভালো কাজ করে না।

31 এখন, মনে রাখবেন, পরের রবিবার সকালে, প্রভু যদি চান, ভাই নেভিল অবশ্যই এটি ঘোষণা করবেন। আর...সেই...*বাতাসে ঘূর্ণিবায়ু*।

32 এখন, আমি আপনাদেরকে আপনার শাস্ত্রে, মথি লিখিত সুসমাচার ২৭ অধ্যায় খোলার জন্য একটু সময় দিচ্ছিলাম। আসুন মথি লিখিত সুসমাচার এর—এর ২৭তম পদ থেকে পাঠ শুরু করা যাক। এখন পাঠে মনোযোগ দিয়ে শুনুন।

> *তখন দেশাধ্যক্ষের সেনাগণ যীশুকে রাজবাটীতে লইয়া গিয়া তাঁহার নিকটে সমুদয় সেনাদল একত্র করিল।*
>
> *আর তাহারা তাঁহার বস্ত্র খুলিয়া লইয়া তাঁহাকে একখান লোহিত বস্ত্র পরিধান করাইল।*
>
> *আর কাঁটার মুকুট গাঁথিয়া তাঁহার মস্তকে দিল, ও তাঁহার...দক্ষিণ হস্তে এক গাছ নল দিল: পরে তাঁহার সম্মুখে*

*জানু পাতিয়া, তাঁহাকে বিদ্রূপ করিয়া বলিল, যিহূদি-রাজ, নমস্কার!*

*আর তাহারা তাঁহার গাত্রে থুথু দিল, ও সেই নল লইয়া তাঁহার মস্তকে আঘাত করিতে লাগিল।*

*...আর তাঁহাকে বিদ্রূপ করিবার পর বস্ত্রখানি খুলিয়া ফেলিয়া দিল, তাহারা আবার তাঁহার নিজের বস্ত্র পরাইয়া দিল, এবং তাঁহাকে ক্রুশে দিবার জন্য লইয়া চলিল।*

*আর বাহির হইয়া তাহারা শিমোন নামে এক জন কুরীণীয় লোকের দেখা পাইল: তাহাকেই তাঁহার ক্রুশ বহন করিবার জন্য বেগার ধরিল।*

*পরে গল্‌গথা নামক স্থানে, অর্থাৎ যাহাকে মাথার খুলির স্থান বলে,*

*সেখানে উপস্থিত হইয়া তাহারা তাঁহাকে পিত্তমিশ্রিত দ্রাক্ষারস পান করিতে দিল:...তিনি তাহা আস্বাদন করিয়া পান করিতে চাহিলেন না।*

*পরে তাহারা তাঁহাকে ক্রুশে দিয়া তাঁহার বস্ত্র সকল গুলিবাঁটপূর্ব্বক অংশ করিয়া লইল: যাহাতে ভাববাদী দ্বারা কথিত এই বাক্য পূর্ণ হয়, তাহারা আপনাদের মধ্যে আমার বস্ত্র বিভাগ করে, আমার পরিচ্ছদের জন্য গুলিবাঁট করে।*

*...সেখানে বসিয়া তাঁহাকে চৌকী দিতে লাগিল;*

*আর উহারা...তাঁহার মস্তকের উপরে তাঁহার বিরুদ্ধে এই দোষের কথা লিখিয়া লাগাইয়া দিল,* ***এ ব্যক্তি যীশু, যিহূদীদের রাজা****।*

*তখন দুই জন দস্যু তাঁহার সঙ্গে ক্রুশে বিদ্ধ হইল, এক জন দক্ষিণ পার্শ্বে,* আর *এক জন বাম পার্শ্বে।*

*তখন যে—যে সকল লোক সেই পথ দিয়া যাতায়াত করিতেছিল, তাহারা মাথা নাড়িতে নাড়িতে তাঁহার নিন্দা করিয়া কহিল,*

*ওহে, তুমি না মন্দির* ভাঙ্গিয়া *ফেল, আর তিন দিনের মধ্যে গাঁথিয়া তুল! আপনাকে রক্ষা কর। যদি ঈশ্বরের পুত্র হও, ক্রুশ হইতে নামিয়া আইস।*

*আর সেইরূপ প্রধান যাজকেরা অধ্যাপকগণের ও প্রাচীনবর্গের সহিত বিদ্রূপ করিয়া কহিল,*

*ঐ ব্যক্তি অন্য অন্য লোককে রক্ষা করিত, আপনাকে রক্ষা করিতে পারে না। ও ত ইস্রায়েলের রাজা, এখন ক্রুশ হইতে নামিয়া আইসুক, তাহা হইলে আমরা উহার উপরে বিশ্বাস করিব।*

*ও ঈশ্বরে ভরসা রাখে, এখন তিনি নিস্তার করুন, যদি উহাকে চান: কেননা ও বলিয়াছে, আমি ঈশ্বরের পুত্র।*

*আর যে দুই জন দস্যু তাঁহার সঙ্গে ক্রুশে বিদ্ধ হইয়াছিল, তাহারাও সেইরূপে তাঁহাকে তিরস্কার করিল।*

*পরে বেলা ছয় ঘটিকা হইতে নয় ঘটিকা পর্য্যন্ত সমুদয় দেশ অন্ধকারময় হইয়া রহিল।*

*আর নয় ঘটিকার সময় যীশু উচ্চ রবে চীৎকার করিয়া ডাকিয়া কহিলেন, এলী, এলী, লামা শবক্তানী ? অর্থাৎ ঈশ্বর আমার, ঈশ্বর আমার, তুমি কেন আমায় পরিত্যাগ করিয়াছ ?*

*তাহাতে যাহারা সেখানে দাঁড়াইয়াছিল, তাহাদের মধ্যে কেহ কেহ সেই কথা শুনিয়া কহিল, এ ব্যক্তি এলিয়কে ডাকিতেছে।*

*আর তাহাদের এক জন অমনি...দৌড়িয়া গেল, একখান স্পঞ্জ লইয়া তাহাতে সিরকা ভরিল, এবং একটা নলে লাগাইয়া তাঁহাকে পান করিতে দিল।*

*কিন্তু অন্য সকলে কহিল থাক্, দেখি, এলিয় উহাকে রক্ষা করিতে আইসেন কি না।*

*পরে যীশু আবার উচ্চ রবে চীৎকার করিয়া নিজ আত্মাকে সমর্পণ করিলেন।*

*আর দেখ, মন্দিরের তিরস্করিণী উপর হইতে নীচ পর্য্যন্ত চিরিয়া দুইখান হইল; ভূমিকম্প হইল, ও শৈল সকল বিদীর্ণ হইল;*

*...এবং কবর সকল খুলিয়া গেল; আর অনেক নিদ্রাগত পবিত্র লোকের দেহ উত্থাপিত হইল,*

*এবং তাঁহার পুনরুত্থানের পর তাঁহারা কবর হইতে বাহির হইয়া পবিত্র নগরে প্রবেশ করিলেন, আর অনেক লোককে দেখা দিলেন।*

*শতপতি এবং যাহারা তাঁহার সঙ্গে যীশুকে চৌকি দিতেছিল, তাহারা ভূমিকম্প ও আর যাহা যাহা*

*ঘটিতেছিল, দেখিয়া অতিশয় ভয় পাইয়া কহিল, সত্যই, ইনি ঈশ্বরের পুত্র ছিলেন।*

33 আসুন আমরা প্রার্থনা করার জন্য মাথা নত করি।

34 প্রভু, আমরা জানি আপনিই ঈশ্বর। আর এটি...এই পবিত্র বাক্য পাঠ করার পরে, আমরা এখনও দেখতে পারি যে আপনার চরিত্র পরিবর্তিত হয়নি। আপনি সর্বদাই ঈশ্বর। আর এটি মনে হচ্ছিল যে যীশু কোন সাহায্য পাবেন না, তাকে দুষ্টরা ধরে নিয়ে গভীরভাবে ক্ষত বিক্ষত করেছিল, তাকে থুথু দিয়েছিল, উপহাস করেছিল, এবং ক্রুশের বিদ্ধ করেছিল, রক্ত ঝরছিল, মারা যাচ্ছিলেন। আর মনে হচ্ছিল তাঁর জন্য কোন সাহায্য নেই, কোথাও, এমনকি তিনি নিজেই চিৎকার করে উঠলেন, "ঈশ্বর আমার, ঈশ্বর আমার, তুমি কেন আমায় পরিত্যাগ করিয়াছ ?"

35 কিন্তু, আপনি সেই মুহুর্তে কাজ করেন, যখন অন্য কেউ কাজ করতে পারে না। প্রভু, আমাদের জানার জন্য দেওয়া হয়েছে, যদি আমরা কোন নদী অতিক্রম করতে না পারি, যদি আমাদের কোন পাহাড় থাকে যা আমরা অতিক্রম করতে পারি না, ঈশ্বর এমন কিছু করতে সক্ষম যা অন্যরা করতে পারে না।

36 আপনি একজন বিশেষজ্ঞ, আপনার কর্মক্ষেত্রে, কারণ আপনি সেই দিন কালভেরীর কারণটি জানেন। আপনি, ঈশ্বর হয়ে, অনন্ত, জানতেন এই সময় অবশ্যই আসবে। কিন্তু যখন তা পূর্ণ হল, তখন আপনি দেখিয়ে দিলেন আপনিই ঈশ্বর। আপনি দেখিয়েছিলেন কে কর্মকর্তা। আপনি পৃথিবী কাঁপিয়েছিলেন, আর শুয়ে থাকা পবিত্র ব্যক্তিরা বেরিয়ে আসেন। আপনি রাতের অন্ধকার মত করে সূর্যকে অন্ধকার করে দিয়েছিলেন, দেখিয়েছিলেন আপনিই ঈশ্বর। কিন্তু আপনি এতক্ষণ চুপ করে ছিলেন।

37 আসুন, এর থেকে আমরা এই উপসংহারে আসি যে, যতক্ষণ আমরা ঈশ্বরের আত্মায় গমনাগমন করি, যা ভুল বলে মনে হয়, আমরা কালভেরীর অভিমুখে চলেছি; ঈশ্বর সঠিক সময়ে, সঠিক সময়ে কথা বলবেন।

38 এখন, পিতা ঈশ্বর, আমরা আমাদের পাপ এবং আমাদের অপরাধের জন্য ক্ষমা প্রার্থনা করি। আমাদের নেতৃত্ব দেওয়ার জন্য আমরা আপনার আত্মার জন্য প্রার্থনা করি। আমাদের নেতৃত্ব দিন, যেমন কপোত মেষশাবকের নেতৃত্ব দেয়। আমাদের উপর যা কিছুই আসুন না কেন আমরা যেন বাধ্য হই, এটা জেনে, যে ঈশ্বর সব কিছু ঠিক করেন, আর আমরা জানি যে সব ঠিকঠাক হয়ে যাবে।

39 এই সভায় আজ আমাদের সাথে থাকুন। আমরা প্রার্থনা করি যে আপনি তাদের রক্ষা করবেন, যারা উদ্ধার ও পরিত্রাণের সন্ধান করছে। অনন্ত জীবন দিয়ে তাদের পূরণ করুন, যারা অন্বেষণ করছেন। আমরা প্রার্থনা করি যে আপনি যারা অসুস্থ এবং পীড়িত, যারা আরোগ্যের সন্ধানে এসেছেন তাদের আরোগ্যপ্রদান করবেন। আর আমরা এর জন্য আপনার প্রশংসা করব। আমরা আপনার পুত্র, আমাদের পরিত্রাতা, যীশু খ্রীষ্টের নামে এই প্রার্থনা করি। আমেন।

40 এখন, আজ সকালে কথা বলার সময়, আমি যে পাঠ্যটি থেকে কথা বলতে বেছে নিয়েছি তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই: *সেই দিন কালভেরীতে।*

41 মনে হচ্ছে এটা ঋতুর একটু বাইরে; এটি গুড ফ্রাইডেতে হওয়া উচিত ছিল। প্রতিদিন কালভেরী স্মরণ করা উচিত। আমরা এই বিষয়ে অনেক শুনেছি, এই সম্পর্কে অনেক পড়েছি। ধর্মপ্রচারকরা শুরু থেকেই এর উপর প্রচার করেছেন। যুগে যুগে গায়কেরা এটি গেয়েছেন। ভাববাদীরা এটির চার হাজার বছর আগে ভবিষ্যদ্বাণী করেছিলেন। আর সময়ের ভাববাদীরা এই দিনের বিষয়ে ইঙ্গিত করেছেন যখন এটি ঘটেছিল। এটি একটি গুরুত্বপূর্ণ দিন! ঈশ্বর পৃথিবীতে যে দিনগুলি হতে দিয়েছেন তার মধ্যে এটি অন্যতম গুরুত্বপূর্ণ দিন।

42 আর যদি এটি মানব জাতির জন্য এত গুরুত্বপূর্ণ হয়, কালভেরী, আমি মনে করি আমাদের পক্ষে ফিরে গিয়ে এটি পরীক্ষা করা ভাল, এটি আমাদের কাছে কী বোঝায় তা দেখুন। কেননা, আমি নিশ্চিত, এই শেষ সময়ে আমরা যেখানে বেঁচে আছি, আমরা ঈশ্বরের প্রতিটি গুরুত্ব অনুসন্ধান করছি যা আমরা জানতে পারি। আর আমরা অনুসন্ধান করতে পারি, আমরা এখানে তা শিখতে এসেছি, আমাদের জন্য কী রয়েছে, এবং ঈশ্বর আমাদের জন্য কী করেছেন, এবং তিনি আমাদের জন্য কী করার প্রতিশ্রুতি দিয়েছেন তা দেখার জন্য। আর এর জন্যই আমরা মণ্ডলীতে আসি। এই জন্যই প্রচারক প্রচার করেন, সেই জন্যই তিনি ধর্মগ্রন্থ অধ্যয়ন করেন এবং ধ্যান করেন আর অনুপ্রেরণা খোঁজেন, কারণ তিনি ঈশ্বরের লোকদের একজন জনসেবক। আর তিনি এমন কিছু খুঁজে বের করার চেষ্টা করছেন যা...যা ঈশ্বর তার লোকেদের বলতে চান, এমন কিছু যে তাদের সাহায্য করবে। হয়তো, এটা হতে পারে, তাদের পাপের জন্য তাদের দোষারোপ করবে। কিন্তু তাদের উত্থাপন করতে সাহায্য করবে, যাতে তারা তাদের পাপ ত্যাগ করে এবং প্রভুর

সেবা করার জন্য উঠতে পারে। আর সেবকদের এসব অনুসন্ধান করা উচিত।

43 আর এই দিনটি, অত্যন্ত গুরুত্বপূর্ণ, একটি মহান দিন, আসুন সেই দিনের তিনটি ভিন্ন বিষয় দেখা যাক। আমরা শত শত নিতে পারি। কিন্তু, আজ সকালে, আমি তিনটি ভিন্ন, গুরুত্বপূর্ণ বিষয় বেছে নিয়েছি কালভেরীতে যা আমাদের কাছে তাৎপর্যপূর্ণ, পরবর্তী কয়েক মুহুর্তের মধ্যে যেটি আমরা দেখব। আর আমি প্রার্থনা করি যে উপস্থিত প্রত্যেক পাপীকে তা দোষারোপ করবে; এটি প্রত্যেক পবিত্র ব্যক্তিকে নতজানু করতে বাধ্য করবে; এটি প্রতিটি অসুস্থ ব্যক্তিকে ঈশ্বরের প্রতি তার বিশ্বাস বাড়াবে, এবং সুস্থ হয়ে প্রস্থান করতে সাহায্য করবে; প্রতিটি পাপী, পরিত্রাণ পাবে; প্রত্যেক বিপথগামী ফিরে আসবে, এবং নিজের জন্য লজ্জিত হবে; এবং প্রতিটি পবিত্র ব্যক্তি, আনন্দ করবে, আর নতুন অধিকারলাভ করবে আর নতুন আশা প্রাপ্ত হবে।

44 কালভেরী, আমাদের ও বিশ্বের কাছে একটি মহান, গুরুত্বপূর্ণ বিষয়, যা, এটা পাপের প্রশ্ন মীমাংসা করে দিয়েছে, একবারে সকলের জন্য। মানুষ পাপের জন্য দোষী সাব্যস্ত হয়েছিল। আর পাপ ছিল একটি শাস্তি, যা কোন মানুষ পরিশোধ করতে পারে না। জরিমানা এত বড় ছিল যে, জরিমানা দিতে পারে এমন কেউই ছিল না। আমি সত্যিই বিশ্বাস করি যে ঈশ্বর এটিকে এভাবেই সাজিয়েছেন, যে জরিমানা এত বড় হবে যে কোনও মানুষ তা দিতে পারবে না, যেন তিনি নিজেই এটি করতে পারেন। এখন, পাপের শাস্তি ছিল মৃত্যু। আর আমরা সকলেই পাপে জন্মগ্রহণ করেছি, অন্যায়ের আকার ধারণ করেছি, পৃথিবীতে এসেছি, মিথ্যা কথা বলেছি। তাই আমাদের মধ্যে এমন কেউ ছিল না যিনি যোগ্য, বা, তারা পৃথিবীতে যোগ্য কাউকে খুঁজে পায়নি।

45 পৃথিবীতে পাপ শুরু হয়নি। পাপ স্বর্গ থেকে শুরু হয়েছিল। লুসি-...ছিলেন...লুসিফার, শয়তান, একটি দোষীকৃত প্রাণী ছিল, তার অবাধ্যতার জন্য, সে পৃথিবীতে আঘাত করার আগে। পাপ স্বর্গে শুরু হয়েছিল, যেখানে ঈশ্বর দূতদের রেখেছেন, ইত্যাদি, তিনি মানুষকে যে ভাবে সৃষ্টি করছেন সেই একই রকম ভাবে; জ্ঞান, জ্ঞানের বৃক্ষ, জীবনবৃক্ষ এবং জ্ঞানের বৃক্ষ, যেখানে মানুষ তার পছন্দ চয়ন করতে পারে। আর যখন লুসিফারকে প্রাধান্য দেওয়া হয়েছিল, তার পছন্দ চয়ন করার জন্য, সে ঈশ্বরের চেয়ে ভালো কিছু চেয়েছিল। তাতেই অশান্তি শুরু হয়।

46 আর পাপের জন্য একটি প্রয়োজন ছিল। আর সেই প্রয়োজন ছিল মৃত্যু। মৃত্যু ছিল সেই দণ্ড। আর, অর্থাৎ, আমরা এর বিশদ বিবরণে যেতে পারি, কারণ আমি বিশ্বাস করি না যে একটি মাত্র মৃত্যু রয়েছে। একটি জীবন রয়েছে। আর আমি বিশ্বাস করি যে ব্যক্তির অনন্ত জীবন আছে সে কখনো মরতে পারে না। আর আমি বিশ্বাস করি যে ব্যক্তি পাপ করে, সেই আত্মার সম্পূর্ণ বিনাশ রয়েছে, কারণ বাইবেল বলে, "যে প্রাণ পাপ করে, সে মরিবে।" মানুষ নয়; "যে *প্রাণ* পাপ করে।" সুতরাং, শয়তানকে অবশ্যই মরতে হবে, সম্পূর্ণরূপে ধ্বংস হতে হবে। শয়তানকে রক্ষা করা হবে বলে যে সর্বজনীনতাবাদীদের সাথে আমি কোনভাবে একমত নই! সে পাপ করেছে, আর সে হল পাপের জন্মদাতা। আর তার প্রাণ পাপ করেছে; আর সে একটি আত্মা ছিল। সেই আত্মার সম্পূর্ণরূপে বিলুপ্ত হবে, এর কিছুই অবশিষ্ট থাকবে না।

47 আর যখন পাপ পৃথিবীতে আঘাত করে, আদিতে, আকাশ থেকে নেমে আসা কালোর চাদরের মতো, এটি প্রায় পৃথিবীকে পঙ্গু করে দিয়েছিল। এটি পৃথিবীর সমস্ত প্রাণীকে এবং ঈশ্বরের সমস্ত সৃষ্টিকে দাসত্বে নিক্ষেপ করেছিল। মানুষ মৃত্যু, অসুস্থতা, কষ্ট, দুঃখের বন্ধনে আবদ্ধ ছিল। সকল প্রকৃতি এর সাথে পতিত হয়। পাপ ছিল একটি চেতনানাশক যা আসলে পৃথিবীকে পঙ্গু করে দেয়। আর তারপরে আমরা এখানে আশাহীন হয়ে পড়ি, কারণ পৃথিবীর প্রতিটি প্রাণী এর অধীন ছিল। আর পৃথিবীতে জন্মগ্রহণকারী প্রত্যেকেই এর অধীন ছিল।

48 সুতরাং, তাকে এমন কোনও স্থান থেকে আসতে হয়েছিল যেখানে কোনও পাপ ছিল না। তিনি পৃথিবী থেকে আসতে পারেন না। আমরা একজন আরেকজনকে পরিত্রাণ দিতে পারি না। তাকে অন্য কোথাও থেকে আসতে হবে।

49 অতএব, মানুষ যখন উপলব্ধি করে যে সে তার ঈশ্বর থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে, তখন সে একজন পথভ্রষ্ট হয়ে পড়ে। তারা বিলাপ করে। তারা ক্রন্দন করে। তারা কঠোর পরিশ্রম করে। তারা পাহাড় এবং মরুভূমির মধ্যে দিয়ে ভ্রমন করে, এমন একটি শহরের সন্ধান করার জন্য যার নির্মাতা ঈশ্বর ছিলেন। কারণ, সে জানত যদি সে কখনও ঈশ্বরের উপস্থিতিতে ফিরে আসতে পারে, তবে সে তাঁর সাথে এই বিষয়ে কথা বলতে পারবে। কিন্তু সেখানে ফেরার কোন পথ ছিল না। সে হারিয়ে যায়। সে বুঝতে পারছিল না তার কোন পথে যাওয়া উচিত, তাই সে শুধু ঘুরতে থাকে, খুঁজে বের করার চেষ্টা করে যাতে সে সেই স্থানে ফিরে যাওয়ার পথ খুঁজে পায়। তার অন্তর

থেকে কিছু তাকে বলছিল, যে সে এমন এক—এক স্থান থেকে এসেছে যা নিখুঁত ছিল। এখানে এই দৃশ্যমান শ্রোতাদের মধ্যে, আজ সকালে, অথবা চৌম্বকীয় টেপের শ্রোতাদের মধ্যে কোন ব্যক্তি নেই, যেখানে এটি সারা বিশ্বে যায়, এখানে কেউ নেই, অথবা কোথাও, তবে কি সেই পরিপূর্ণতার অনুসন্ধান করে।

50 আপনি আপনার বিল পরিশোধ করে আপনি মনে করেন, “এটা ঠিক করে দিবে।” যখন আপনি আপনার বিল পরিশোধ করেন, তখন আপনার পরিবারে কেউ অসুস্থ হয়ে পড়ে। যখন অসুস্থতা ঠিক হয়ে যায়, তখন আপনার কাছে আরও বিল চলে আসে যা আপনাকে পরিশোধ করতে হবে। প্রথম বিষয় আপনারা জানেন, আপনার চুল ধূসর হয়ে যাচ্ছে আর আপনি পুনরায় তরুণ হতে চান। আর সব সময়, ক্রমাগত, পাপের প্রবাহের কারণে কিছু না কিছু থাকে। কিন্তু আপনার হৃদয়ে, কারণ আপনি সেটির অনুসন্ধান করছেন, এটা দেখায় যে কোথাও সিদ্ধতা রয়েছে। কোথাও, সেখানে কিছু আছে।

51 এই কারণেই, অনেক সময়, আজ, একজন পাপী এখনও ঘুরে বেড়ায়। একজন সুন্দরী, অল্পবয়সী মহিলা জনপ্রিয় হওয়ার জন্য তার চুল কেটে ফেলে; তার মুখে রং লাগায়, তাকে সুন্দরী দেখানোর জন্য; তার কাঠামোর রূপ দেখানোর জন্য পোশাক পরিধান করে। কারণ, এটি একমাত্র বিষয় যা সে খুঁজে পেয়েছে, তাঁর কাছে আসার জন্য, কোথাও কিছু খুঁজে বের করার সময়, যখন সে, পুরুষদের তার দিকে শিস বাজানোর কারণ হয়, তার সঙ্গে প্রেমের ভান করে। যুবকরা মহিলাদের সাথে একই কাজ করবে, নিজেকে তার কাছে আকর্ষণীয় করার চেষ্টা করবে। প্রতিবেশীরা একটি বাড়ি তৈরি করে, আর এটি নির্দিষ্ট ভাবে তৈরী করে, কারণ এটি তার প্রতিবেশীর বাসস্থান থেকে একটু ভাল দেখাবে। এটা সব সময়, আমরা কিছু খুঁজছি, কিছু অন্যের একটু উপরে যেতে চায়। একজন তরুণী খুঁজে পাবেন যে তার চেয়ে আরেক তরুণী অধিক জনপ্রিয়। একজন প্রতিবেশী এমন একটি বাড়ি খুঁজে পাবেন যা দেখতে তার বাড়ির চেয়ে সুন্দর। একজন মহিলা অন্য মহিলাকে একটি নির্দিষ্ট উপায়ে পোশাক পরিধান করতে দেখতে পাবেন, যা তার চেয়ে সুন্দর দেখায়।

52 এটি আমাদের মধ্যে এমন কিছু রয়েছে, যা কিছু অনুসন্ধান করছে এবং এটি দেখায় যে আমরা হারিয়ে গেছি। আমরা এমন কিছু খুঁজে পেতে চাই যা আমাদের সেই সন্তুষ্টিতে নিয়ে আসবে, এটি সেখানে ক্ষুধার স্থানটি পূরণ করবে, কিন্তু মনে হচ্ছে আমরা এটি খুঁজে পাচ্ছি না। মানুষ যুগ যুগ ধরে এটি চেষ্টা করেছে। তারা এর জন্য বিলাপ করেছে। তারা ক্রন্দন করেছে। তারা সবকিছুই করেছিল, যা তারা

জানত কীভাবে করতে হবে, কিন্তু তবুও তারা এটি খুঁজে পায়নি, তারা সারা বিশ্বে ঘুরে বেড়ায়।

53 অবশেষে, একদিন, সেই কালভারির দিনে, সেখানে একজন মহিমা থেকে নেমে আসেন। একজন, যীশু খ্রীষ্টের নামে, ঈশ্বরের পুত্র, যিনি মহিমা থেকে এসেছিলেন, আর কালভেরী গঠিত হয়েছিল। সেই দিনই মূল্য পরিশোধ করা হয়েছিল, আর পাপের প্রশ্ন চিরতরে নিষ্পত্তি হয়ে যায়। আর এটি এই বিষয়ের জন্য পথ খুলে দিয়েছে যার জন্য আমরা ক্ষুধার্ত এবং তৃষ্ণার্ত। এটি একটি সন্তুষ্টির জায়গা নিয়ে এসেছে। এমন কোনও মানুষ নেই যিনি কখনও কালভেরীতে গমন করেছেন, আর এটি যেভাবে হয়েছিল তা দেখেছেন, যা সবসময় একই হতে পারে। তিনি যা কিছু চেয়েছিলেন সবই পূরণ হয়েছিল, যখন তিনি সেই স্থানে পৌঁছান।

54 এটি একটি গুরুত্বপূর্ণ দিন ছিল, আর এমন একটি গুরুত্বপূর্ণ বিষয়, এটি বিশ্বকে নাড়া দিয়েছিল। এটি বিশ্বকে নাড়া দিয়েছিল, এমনভাবে যা কখনো আগে হয়নি। যীশু যখন কালভেরীতে মৃত্যুবরণ করেন এবং পাপের মূল্য পরিশোধ করেন, তখন এই পাপী পৃথিবী অন্ধকারময় হয়ে যায়। দিনের বেলায় সূর্য অস্ত চলে যায়, সে স্নায়বিক অবসাদগ্রস্ত হয়ে পড়ে। পাথর কেঁপে উঠে, পাহাড় ভেঙে পড়ে এবং মৃতরা কবর থেকে ফেটে বেরিয়ে আসে।

55 তিনি কি করেছিলেন ? ঈশ্বর শূন্য হয়ে যান, কালভেরীতে। তিনি শয়তান নামক সেই প্রাণীটিকে চিরকালের জন্য আহত করেছিলেন। এখন সে আরও ভয়ানক, কারণ এটি মানব জাতির জন্য আলো নিয়ে এসেছে। আর যে কেউ জানে যে একটি আহত প্রাণী সবচেয়ে ভয়ানক, সে ভাঙ্গা পিঠ নিয়ে হামাগুড়ি দিচ্ছে। এখন, শয়তান কালভেরীতে আহত হয়েছিল। পৃথিবী সেটা প্রমাণ করেছিল।

56 সর্বশ্রেষ্ঠ মূল্য যা কখনও দেওয়া হয়েছিল, আর একমাত্র যিনি এটি দিতে পারেন, তিনি এসে কালভেরীতে এটি করেছিলেন। সেখানেই চড়া মূল্য পরিশোধ করা হয়েছিল। এটি একটি বিষয়। ঈশ্বরের এটা প্রয়োজন ছিল। কোন মানুষ এর যোগ্য ছিল না। কোন মানুষ এটি করতে সক্ষম হয়নি। কোন মানুষ তা করতে পারেনি। এবং ঈশ্বর স্বয়ং নিজে এসেছিলেন, আর মানুষ হয়েছিলেন, আর মানুষের আকাঙ্ক্ষার অধীনে মানব জীবনযাপন করেছিলেন, আর কালভেরীতে ক্রুশবিদ্ধ হয়েছিলেন। আর সেখানে, যখন শয়তান ভেবেছিল তিনি এটা করবেন না, তিনি এটির মধ্য দিয়ে যাবেন না, তিনি গেৎশিমানী দিয়ে গিয়েছিলেন এবং প্রতিটি তাড়না যা কোনও

মানুষ কখনো সহ্য করেছিলেন। তিনি সকল মানুষদের মতই এর মধ্য দিয়ে যান, কিন্তু তিনি এর মূল্য পরিশোধ করেছেন।

57 আর এটাই পৃথিবীকে অন্ধকার করে দিয়েছে। এটি অপারেশন জন্য চেতনানাশকের মত ছিল। একজন ডাক্তার যখন একজন মানুষকে চেতনানাশক প্রয়োগ করেন, তিনি এটি করার আগে প্রথমে তাকে অবচেতন করেন। আর যখন ঈশ্বর মণ্ডলীর জন্য অপারেশন—অপারেশন দিয়েছিলেন, বিশ্ব একটি চেতনানাশক পেয়েছিল, প্রকৃতি একটি খিঁচুনি পেয়েছিল। আশ্চর্যের কিছু নেই! ঈশ্বর, মানুষের দেহে, মারা যাচ্ছিলেন। এটি এমন একটি সময় ছিল যার দিকে পৃথিবী তাকিয়েছিল, তবুও তাদের অনেকেই তা জানতেন না।

58 আজকের মতো, অনেকেই এই বিষয়গুলি খুঁজেছিলেন, কিন্তু তারা সেগুলি চিনতে পারেন নি। তারা বের হওয়ার পথ খুঁজে পান নি। তারা এখনও আনন্দ এবং বিশ্বের বিষয়গুলি খোঁজার চেষ্টা করছেন, তাদের পথ খুঁজে বের করার চেষ্টা করছেন।

59 সেখানে অনেক সাইনপোস্ট ছিল যা সেই দিনের দিকে ইঙ্গিত করেছিল, অনেকগুলি পূর্বাভাস। মেষশাবক, ষাঁড়, ঘুঘু এবং এই সমস্ত কিছুর দ্বারা এটি পূর্বাভাসিত হয়েছিল, কিন্তু তবুও তা ভাঙতে পারেনি। শয়তানের পৃথিবীতে, সেই মৃত্যুকে এটি ভাঙতে পারেনি।

60 যে পাথরগুলো উপর দিয়ে সে একসময় হেঁটেছিল, পৃথিবীতে উপরে-নিচে, জ্বলন্ত গন্ধক! লুসিফার সেই সকালের পুত্র ছিল, আর সে পৃথিবীতে হাঁটছিল যখন এটি একটি জ্বলন্ত আগ্নেয়গিরি ছিল। সেই একই শিলাগুলি যখন শীতল হয়, যখন যীশু কালভেরীতে মৃত্যুবরণ করেন, তখন পৃথিবী থেকে বেরিয়ে আসে।

61 যে মূল্য দেওয়া হয়েছে, আর শয়তানের দাসত্ব ভেঙ্গে দিয়েছে। সে যা খুঁজছিল তাঁর দিকে ফিরে যাওয়ার পথ, ঈশ্বর মানুষের হাতে তা ফিরিয়ে দেন। তাকে আর কাঁদতে হবে না। আঘাত করে যখন তিনি, সেখানে কালভেরীতে, শয়তানের মেরুদণ্ড ভেঙ্গেছিলেন, পাপের মেরুদণ্ড, অসুস্থতার মেরুদণ্ড! আর এটি পৃথিবীর প্রতিটি নশ্বর প্রাণীকে, পাপের ক্ষমা সহ ঈশ্বরের উপস্থিতিতে ফিরিয়ে আনে। হালেলুইয়া! আমাদের পাপ ক্ষমা করা হয়েছে। শয়তান আর ঈশ্বরের কাছ থেকে আমাদের অন্ধকারে নিতে পারবে না।

62 সেখানে একটি রাজপথ তৈরি করা হয়েছে। সেখানে একটি টেলিফোন রয়েছে। মহিমাতে যাওয়ার জন্য একটি দড়ি আছে, প্রতিটি ব্যক্তিকে সেই দড়ির কাছে নিয়ে আসে। যদি একজন মানুষ

পাপে পূর্ণ হয়, তবে এটি তাকে কেন্দ্রের সঙ্গে সংযুক্ত করে। সে পাপ থেকে মুক্ত হতে পারে। শুধু তাই নয়, সেই পাপের মাশুলও দেওয়া হয়েছে। ওহ! "আমি যোগ্য নই," আপনাকে বলতে হবে না। নিশ্চিত, আপনি নন, আপনি কখনই হতে পারবেন না। কিন্তু একজন যোগ্য আপনার স্থান নিয়েছেন। আপনি মুক্ত। আপনাকে আর ঘুরতে হবে না। আপনাকে পৃথিবীতে আনন্দ-সন্ধানী মানুষ হতে হবে না।

কারণ সেখানে রক্তে ভরা একটি ঝরণা রয়েছে,
ইম্মানূয়েলের শিরা থেকে বয়ে আসা,
যেখানে পাপীরা ধৌত হয়,
তাদের সকল অপরাধের দাগ ধুয়ে ফেলার জন্য।

63 আপনাকে হারিয়ে যেতে হবে না। একটি মহাসড়ক এবং একটি সড়ক রয়েছে, আর একে পবিত্রতার পথ বলা হয়। অশুচিরা এর উপর দিয়ে যায় না। কারণ, প্রথমে তাকে ঝরণার মধ্য দিয়ে আসতে হয়, তারপর সে মহাসড়কে প্রবেশ করে।

64 তিনি শয়তানের শক্তিকে ভেঙে দিয়েছেন। তিনি নরকের কারাগারের দরজা খুলে দিয়েছেন, এই পৃথিবীতে কারাগারে বন্দী প্রতিটি মানুষের জন্য, এই ভয়ে যে সে মারা গেলে তার কি মৃত্যু হবে। কালভেরীতে, তিনি সেই ঘরের দরজা খুলে দিয়েছেন, প্রতিটি বন্দীকে মুক্ত করেছেন। আপনাকে আর পাপের দ্বারা ভেঙে পড়তে হবে না। আপনাকে ও আপনার সদস্যদের পাপ, মদ্যপান, ধূমপান, জুয়া খেলা, মিথ্যা বলার জন্য আত্মসমর্পণ করতে হবে না। আপনি সৎ, ন্যায়পরায়ণ এবং ন্যায়নিষ্ঠ হতে পারেন। আর শয়তান এই বিষয়ে আর কিছুই করতে পারবে না, কারণ আপনি একটি দড়ি ধরেছেন, একটি জীবন বাঁচানোর দড়ি যা যুগের প্রস্তরের সঙ্গে নোঙর করা রয়েছে। কিছুই আপনাকে এটি থেকে নাড়াতে পারবে না। প্রবল বাতাস আপনাকে এটি থেকে নাড়াতে পারবে না। কিছুই না, এমনকি মৃত্যু নয়, খ্রীষ্ট যীশুতে থাকা ঈশ্বরের ভালবাসা থেকে আমাদের আলাদা করতে পারে না। কালভেরী মানে এটাই।

65 দাসত্বে থাকা ব্যক্তিদের মুক্ত করা হয়েছিল। যারা একসময় মৃত্যুভয়ে ছিল তারা আর মৃত্যুকে ভয় পায় না। একজন মানুষ যিনি একটি শহরের জন্য আকাঙ্ক্ষা করেন, যার নির্মাতা এবং সৃষ্টিকর্তা, ঈশ্বর, তিনি মহাসড়কে পা রাখতে পারেন, এবং স্বর্গের দিকে মুখ করতে পারেন, কারণ তিনি স্বাধীন। হালেলুইয়া! তিনি পরিত্রাণ পেয়েছেন। তাকে আর ঘোরাঘুরি করার দরকার নেই, কারণ আপনি সঠিক কিনা তা জানার একটি পথ রয়েছে। ঈশ্বর আমাদের জীবন প্রদান করেন। আমাদের পাপ মুছে গেছে। কালভেরীতে সেদিন

মূল্য পরিশোধ করেছেন। যখন আমরা সেগুলি দেখি, তখন অবাক হওয়ার কিছু নেই যে কবি লিখেছেন:

মাঝে বিদীর্ণ পাথর এবং অন্ধকার আকাশ,
আমার ত্রাণকর্তা তার মাথা নত করেন এবং মারা যান;
তিরস্করিণী সেই পথ প্রকাশ করে
স্বর্গের আনন্দ এবং অন্তহীন দিনের জন্য।

66 অব্রাহামকে একটি শহর অনুসন্ধান করার জন্য সারা দেশ ঘুরে বেড়াতে হবে না। পাপীকে আর ভাবতে হবে না, সে পরিত্রাণ পাবে কি না। অসুস্থ ব্যক্তিকে ভাবতে হবে না যে সে সুস্থ হতে পারবে কি না। উদ্বোধনী তিরস্করিণী, কালভেরীতে সেদিন, সম্পূর্ণ বিজয়ের পথ প্রকাশ করেছিল। ঈশ্বর আমাদেরকে তাঁর আত্মার ক্ষমতা প্রদান করেন, এই সমস্ত কিছুর উপর বিজয়ী হয়ে বাঁচার জন্য; আমাদের শুধুমাত্র এটা বিশ্বাস করতে বলা হয়েছে। সেই দিন কালভেরী এটি ঘটেছিল। এর মতো আর কোনো দিন হয় নি। এর মতো আর কোন দিন হবে না। এর আর প্রয়োজন নেই। মূল্য পরিশোধ করা হয়েছে, আর আমরা পরিত্রাণ পেয়েছি। ঈশ্বরকে ধন্যবাদ! আমরা পরিত্রাণ পেয়েছি। আপনাকে বিস্মিত হওয়ার আর প্রয়োজন নেই। এই বিষয়ে আর অনুমান করার দরকার নেই। সব নিয়ে নেওয়া হয়েছে। তিরস্করিণী সেই পর্দাটি সরিয়ে দিয়েছে, আর আমরা রাজপথে চলে এসেছি, আর আশ্চর্য হওয়ার কোন বিষয় নেই, শুধু বিশ্বাস করতে হবে এবং সঠিক পথে চলতে হবে। আমরা সরাসরি ঈশ্বরের উপস্থিতিতে প্রবেশ করছি।

67 অব্রাহাম জানতেন, অন্যরাও জানতেন, যখন তারা সেই শহরটির অনুসন্ধান করছিল, তারা জানত যে তারা কোথাও থেকে এসেছে। কিছু ঘটেছিল। তারা একটি পক্ষাঘাতগ্রস্ত পৃথিবীতে বাস করছিল। যেখানে ভূমিকম্প হয়। ঝড় আসে। যুদ্ধ আর হত্যা হয়! নেকড়ে মেষশাবক খায়, অথবা নেকড়ে মেষশাবককে খায় এবং সিংহ বলদকে খায়। এটা ঠিক দেখায় না। কোন ত্রুটি আছে। তিনি জানতেন কোন একটি ত্রুটি রয়েছে। মানুষ ভাই ভাইকে হত্যা করে; বাবা ছেলেকে হত্যা করে, ছেলে বাবাকে। কোন ত্রুটি রয়েছে। তিনি বয়স্ক হয়ে যাচ্ছেন। তিনি মারা যাচ্ছেন। তিনি শুকিয়ে যাচ্ছেন। তিনি অসুস্থতা। তিনি দাসত্বে রয়েছেন। গাছ বড় হয়, কিন্তু অমর নয়। তারা মারা যায়। পাহাড় বদলে যায়। সমুদ্র শুকিয়ে যায়। জল শুকিয়ে যায়। সেখানে কোন ত্রুটি রয়েছে। তিনি এমন একটি স্থান চেয়েছিলেন, একটি শহর যেখানে এগুলো ঘটে না। তিনি

জানতেন, যদি তিনি কখনও সেই ব্যক্তির উপস্থিতিতে ফিরে যেতে পারেন যিনি এগুলোকে ঠিক করেন, তবে তিনি তাঁর সাথে এই বিষয় নিয়ে কথা বলতে পারেন।

68 ওহ্, একটি বিশেষাধিকার, পাপীরা, আজ সকালে, আপনারা এখন সেই পথ পেয়েছেন। কালভেরীতে সেই দিন পথ খুলে যায়। সেই সকল পিতৃপুরুষরা যারা অনুসন্ধান করছিল এবং চেয়েছিল, কালভেরী আপনাকে সেটি বিনামূল্যে দিয়েছে। আপনি কিভাবে এটি সরিয়ে দিতে পারেন? একটি ধর্মসম্প্রদায়ে যোগদান করার জন্য আপনি কিভাবে এটি প্রত্যাখ্যান করতে পারেন? বিশ্বের আনন্দ, এমন কোন কিছুর সঙ্গে প্রতিস্থাপন করার জন্য আপনি কিভাবে এটি প্রত্যাখ্যান করতে পারেন? কেন এটা গ্রহণ করেন না? উন্মুক্ত পর্দা একজন মানুষকে, তার উপর কোনো পাপ ছাড়াই সরাসরি ঈশ্বরের উপস্থিতিতে নিয়ে আসে। আর তার সামনে একটি পথ স্থাপন করে, যে জিনিসটি সে খুঁজছে সেই বিষয়ে নিয়ে যাওয়ার জন্য: স্বর্গ, গৌরব, শান্তি, অনন্ত জীবন, সবকিছু তার সামনে।

69 সেদিন ছিল—শয়তানের শক্তির মৃত্যুর দিন। এটা সব শেষ করে দেয়।

70 আর আমি সেখানে তাঁকে দেখতে পাচ্ছি; তিনি এদনের মেষশাবক ছিলেন, ঠিক প্রথম ছায়াটির থেকে তিনি এসেছিলেন।

71 যখন হেবল, বিশ্বাসের দ্বারা, ঈশ্বরের কাছে কয়িনের চেয়েও উত্তম বলি নিবেদন করলেন, তিনি হয়ত ভেড়ার গলায় একটি—একটি আঙ্গুরের লতা বেঁধে, তাকে পাথরের উপরে টেনে নিয়ে আসেন। একটি—একটি পাথর তাঁর হাতে নিয়ে, বর্শা তৈরী করে, তার ছোট্ট মাথাটি পিছনে টেনে নিয়ে তাকে কেটে ফেলে, যতক্ষণ না সে মারা যায়। তার পশম তার নিজের রক্তে স্নান করে। সে রক্তে ভেসে যায়। এটা একটি ছায়া ছিল।

72 কিন্তু সেই দিন কালভেরীতে, এই পৃথিবীর মেষশাবক ছিল না, কিন্তু তিনি ঈশ্বরের মেষশাবক ছিলেন, যিনি মারা যাচ্ছিলেন, তাঁর নিজের রক্তে ভেসে যাচ্ছিলেন। তাকে জগতের দ্বারা কুপিয়ে, কেটে ফেলা হয়েছিল, আঘাত করা হয়েছিল, থুথু দেওয়া হয়েছিল, ধাক্কা দেওয়া হয়েছিল, থাপ্পড় মারা হয়েছিল, ইত্যাদি, তাঁর শরীর থেকে রক্ত ঝরছিল।

73 যখন হেবলের মেষশাবকটি মারা যায়, তখন এটি এমন একটি ভাষায় কথা বলে মারা গিয়েছিল যা হেবল বুঝতে পারে নি। এটা ক্ষীণ স্বরে ছিল।

74 আর যখন ঈশ্বরের মেষশাবক সেই দিন কালভেরীতে মারা যান, তিনি এমন একটি ভাষায় কথা বলেছিলেন যা কেউ বুঝতে পারেনি। "ঈশ্বর আমার, ঈশ্বর আমার, তুমি কেন আমায় পরিত্যাগ করিয়াছ?" এটি ছিল ঈশ্বরের মেষশাবক, টুকরো টুকরো করা হয়েছিল।

75 তিনি সেই মেষশাবক ছিলেন যা হেবলের মনে ছিল, যখন তিনি নারীর প্রতিশ্রুত বংশ দেখেছিলেন। তিনিই সেই মেষশাবক যাকে দানিয়েল দেখেছিলেন, যাকে কোন হাত ছাড়াই পাহাড় থেকে কাটা হয়েছিল। তিনি চাকার মাঝখানের চাকা ছিলেন, ভাববাদীদের জন্য। তারা যা দেখেছিলেন সবই সেদিন পূর্ণ হয়েছিল, সেই দিন কালভেরীতে। এটি সেই মহান বিষয়টি নিয়ে আসে, যা শয়তানের মেরুদন্ড ভেঙে দেয়।

76 প্রথমত, আমাদের সেই দিনটির অর্থ অনুসন্ধান করা উচিত। দ্বিতীয়ত, আমাদের দেখতে হবে সেই দিনটি আমাদের জন্য কী করেছে, এখন, এটি আমাদের জন্য কী করেছে। এখন, তৃতীয়ত, সেই দিনের জন্য আমাদের কী করা উচিত, তা দেখা যাক। আমাদের কি করা উচিত?

77 প্রথমত, আমাদের এটির দিকে নজর দেওয়া উচিত, কারণ এটি একটি মহৎ দিন, সকল দিনের মধ্যে সেরা। পাপের দাম পরিশোধ করা হয়। শয়তানের শক্তি ভেঙ্গে ফেলা হয়।

78 আর এখন আমরা দেখতে চাই বিনিময়ে আমাদের কী করা উচিত। বিনিময়ে, যীশু যখন কালভেরীতে মৃত্যুবরণ করেছিলেন, সেই দিন কালভেরীতে, তিনি কেবল আমাদের পাপের মূল্যই দেননি, তিনি মূল্য পরিশোধ করেছিলেন এবং একটি পথ তৈরি করেছেন যাতে আমরা তাকে অনুসরণ করতে পারি; আমাদের জন্য, পতিত আদম হিসাবে উদ্ধার করা হয়েছে। যেমন আত্মা আদমকে (প্রথম আদম) আত্মার দ্বারা পরিচালিত করেছিলেন, যার সমস্ত প্রকৃতির উপর নিয়ন্ত্রণ ছিল, তাহলে আমরা (দ্বিতীয় আদম), বা পৃথিবীর মানুষরা খ্রীষ্টের দ্বারা পরিত্রাণ লাভ করেছে, কালভেরীর দিন থেকে, তাকে অনুসরণ করতে পারি। এখন, যখন তিনি কালভেরীতে মারা যান, তিনি একটি পথ তৈরি করেছেন। তিনি আত্মা, পবিত্র আত্মা, যিনি এটিকে পৃথিবীতে পাঠিয়েছেন, আপনি ও আমি বেঁচে থাকার জন্য পাঠিয়ে দিয়েছেন। আমাদের কাছে কালভেরীর এটাই মানে, তাকে অনুসরণ করা।

79 প্রথমে এটি দেখুন, দেখুন এটি আমাদের জন্য কী করেছে। আর এখন এই বিষয় নিয়ে আমাদের কি করতে হবে? আপনাকে ও আমাকে কি করতে হবে?

80 এখন, আমরা বলে থাকি, "ঠিক আছে, আমি—আমি সেটার প্রশংসা করি। এটা খুব ভালো।" কিন্তু আমাদের সেটা মেনে নিতে হবে। আর এটি গ্রহণ করতে হলে, তাঁর ব্যক্তি, খ্রীষ্টকে আমাদের হৃদয়ে গ্রহণ করতে হবে।

81 তারপর, আমরা পাপ থেকে মুক্ত, আমাদের উপর কোনও পাপের শিকল থাকবে না। ঈশ্বর, যেমন আমরা কখনও পাপ করিনি, সিদ্ধ বলিদান আমাদের সিদ্ধ করেছে। কারণ, যীশু বলেছেন, "অতএব তোমাদের স্বর্গীয় পিতা যেমন সিদ্ধ, তোমরাও তেমনি সিদ্ধ হও।" তারপরে, আর কিছুই সেখানে অবশিষ্ট থাকবে না, কিন্তু আমরা ঈশ্বরের উপস্থিতিতে সিদ্ধ হয়েছি।

82 এখন, সেখানেই আমরা আমাদের অবস্থান হারিয়েছি। আমরা যদি না দেখি, আমরা কী ছিলাম তা ফিরে দেখার চেষ্টা করি। আর যতক্ষণ না আমরা কী ছিলাম তার দিকে ফিরে তাকাই, সেই বলিদানের অর্থ আমাদের কাছে কিছুই নয়। ওহ, আপনারা কি এটা দেখতে পাচ্ছেন না, মণ্ডলী? আমি...আমি সেই কাজ করার চেষ্টা করবো না। আমি পারবো না, আপনিও পারবেন না। চেষ্টা করার কোন প্রয়োজন নেই। শুরু করার জন্য, আপনি হারিয়ে গেছেন, যতক্ষণ না আপনি কী করেছেন তা দেখেন। কিন্তু আপনি কি করেছেন তার দিকে তাকাবেন না।

83 দেখুন কালভেরীতে সেই দিনটি আপনার জন্য কী করেছিল। এটা আপনার মূল্য পরিশোধ করেছে। এটা প্রশ্নের নিষ্পত্তি করেছে। "তোমাদের পাপ সকল সিন্দূরবর্ণ হইলেও; হিমের ন্যায় শুক্লবর্ণ হইবে। লাক্ষার ন্যায় রাঙ্গা হইলেও; মেষলোমের ন্যায় শ্বেত হইবে।" তাহলে আপনার কোন পাপ নেই। আপনি সম্পূর্ণরূপে নিষ্পাপ। আপনি যা করেছেন বা যা কিছুই করেন না কেন, আপনি নিষ্পাপ। আপনি যীশু খ্রীষ্টকে আপনার পরিত্রাতা হিসাবে গ্রহণ করলে, আপনার পাপ ক্ষমা করা হবে। যা কিছু *ক্ষমা* করা হয়েছে তা "মোচন করা হয়েছে আর ভুলে যাওয়া হয়েছে।"

84 তাহলে এটা কি করে? সেই অবস্থার পরে, এটি আপনাকে তাঁর আত্মা প্রদান করে, তাঁকে অনুসরণ করার জন্য, তিনি যেমন করেছেন, অন্যদের জন্য যারা অনুসরণ করছেন। তিনি ছিলেন একজন ব্যক্তি, সিদ্ধ ব্যক্তি। তিনি তাঁর জীবন দিয়েছেন, আর তিনি

আপনার জন্য একটি উদাহরণ সৃষ্টি করেছেন। এখন আমাদের কি করা উচিত ?

85 এখন, আমি প্রথমে যেটা বলতে চাই, তা হল, যীশু কখনও নিজের জন্য জীবনযাপন করেন নি। তার জীবন অন্যের জন্য ব্যয় করেছিলেন। এটা, সিদ্ধভাবে, অনন্ত জীবন। আপনি যখন বলেন যে আপনি মণ্ডলীতে যান, আর আপনি ভালো কাজ করেন, সেটা ভালো। কিন্তু আপনি যখন নিজের জীবন নিজের জন্য যাপন করেন, তখন আপনার অনন্ত জীবন থাকে না। অনন্ত জীবন হল অন্যদের জন্য জীবনযাপনের মাধ্যমে। এটা প্রমাণিত হয় যখন এটা ঈশ্বরের মেষশাবকের মধ্যে আসে। তিনি জীবিত ছিলেন, এবং অনন্ত জীবনের অধিকারী ছিলেন, কারণ তিনি নিজের জন্য জীবনযাপন করেন নি। তিনি অন্যদের জন্য জীবনযাপন করেছিলেন। আর আপনি সেই দিনটি গ্রহণ করার মাধ্যমে অনন্ত জীবন প্রাপ্ত হন, আর আপনি নিজের জন্য আর জীবনযাপন করেন না। আপনি অন্যের জন্য জীবনযাপন করেন।

86 কেউ বলেছিলেন, "আপনি কি করে দাঁড়াবেন, কেউ আপনার বদনাম করুক ?" আপনি নিজের জন্য জীবনযাপন করেন না। আপনি অন্যদের জন্য জীবনযাপন করেন, যাতে আপনি সেই লোকটিকে মুক্ত করতে পারেন। আপনি পুত্র হন। আর সমস্যা হল, মণ্ডলী ভুলে গেছে যে তারা পুত্র। আপনি একজন পুত্র। আপনি খ্রীষ্টের স্থান নিচ্ছেন। আপনি একজন পুত্র, তাই নিজের জন্য জীবনযাপন করবেন না। অন্যের জন্য জীবনযাপন করুন।

87 "ঠিক আছে, ভাই ব্রানহাম, আমি *এই* ভাইয়ের জন্য বাঁচতে পারি, কারণ তিনি নিশ্চিত একজন ভালো মানুষ।" এটি ঠিক তা নয়।

88 সেই মানুষটির জন্য বাঁচুন যে আপনাকে ঘৃণা করে। সেই ব্যক্তির জন্য বাঁচুন যিনি পারলে আপনাকে মেরে ফেলবে। এটাই তারা তাঁর প্রতি করেছিল। তারা তাকে হত্যা করেছিল, আর তিনি মৃত্যুবরণ করেছিলেন, যাতে তিনি তাদের রক্ষা করতে পারেন। এটাই অনন্ত জীবন। যখন, আপনি, এটি আপনার হৃদয়ে থাকে, তখন আপনি স্বর্গের মুখোমুখি হন। ভেড়া যেমন তার পশম প্রদান করে, তেমনি আপনি আপনার নিজের জিনিস বলিদান করেন, সেগুলো ছেড়ে দেন। আপনি কালভেরীর দিকে তাকান।

89 আমি আশা করি এটি আপনাকে একটি স্থানে পৌঁছাতে সাহায্য করবে। এই ট্যাবারনাকেলের, সকল ব্যক্তিকে যে কাজটি করতে

হবে, তা হল আপনি কে এবং আপনার উদ্দেশ্য কী তা খুঁজে বের করা। মণ্ডলী, শুধু গান বাজাতে, গান গাইতে মণ্ডলীতে যাবেন না। মণ্ডলী হল এমন একটি স্থান যেখানে সংশোধন করা হয়। “ঈশ্বরের গৃহে বিচার শুরু হয়।”

90 “আমাদের নিজেদেরকে মৃত মনে করতে হবে, এবং খ্রীষ্টে জীবিত বলে গণনা করতে হবে।” তিনি পথ তৈরি করেছেন যাতে আমরা তাঁর সেবার জন্য নিজেদেরকে উৎসর্গ করতে পারি, তাঁকে অনুসরণ করার জন্য। আমরা যদি তাকে অনুসরণ করি, তিনি যে জীবনযাপন করেছিলেন আমরাও সেই জীবনযাপন করবো। এটা অপূর্ব।

91 যীশু বলেছিলেন, এই বিষয়ে কথা বলেছিলেন। আপনাকে এর উপর কয়েকটি উদ্ধৃতি দিতে দিন। মনোযোগ দিয়ে শুনুন। এটা হারাবেন না। যীশু বলেছিলেন, সেই দিন তিনি মেষ ও ছাগলের মতো মানুষকে আলাদা করবেন। আর তিনি ছাগলদের বলবেন, “বাম পাশে দাঁড়াও।” আর ভেড়াদের বললেন, “ডান পাশে দাঁড়াও।”

92 আর তিনি ছাগলদের বললেন, “আমার নিকট হইতে দূর হও। কারণ, কেননা আমি ক্ষুধিত হইয়াছিলাম, আর তোমরা আমাকে আহার দেও নাই। আমি কারাগারস্থ হইয়াছিলাম, আর আমার তত্ত্বাবধান কর নাই। আমি বস্ত্রহীন হইয়াছিলাম, আর আমাকে বস্ত্র পরাও নাই। আমি পিপাসিত হইয়াছিলাম, আর আমাকে পান করাও নাই। আমি পীড়িত হইয়াছিলাম, আর আমার তত্ত্বাবধান কর নাই। অতএব, আমার নিকট হইতে দূর হও।”

93 আর মেষদের প্রতি, তিনি বলবেন, “কেননা আমি ক্ষুধিত হইয়াছিলাম, আর তোমরা আমাকে আহার দিয়াছিলে। আমি বস্ত্রহীন হইয়াছিলাম, আর আমাকে বস্ত্র পরাইয়াছিলে। আমি পীড়িত হইয়াছিলাম, আর আমার তত্ত্বাবধান করিয়াছিলে।”

94 লক্ষ্য করুন। মণ্ডলী, এটি বুঝতে ব্যর্থ হবেন না। এটি আপনার হৃদয়ে রাখুন, চিরকালের জন্য। এতটা অসচেতনভাবে করা হয়েছিল! লোকেরা দায়িত্বের জন্য এটি করেন না। একজন মানুষ যিনি আপনাকে অন্য কিছু দেন, কারণ তার এটি করা উচিত, একজন ব্যক্তি যিনি আপনাকে আহার দেন কারণ তার এটি করা উচিত, তার একটি স্বার্থপর চিন্তা আছে। এটা আপনার জীবন, আপনার কর্ম হওয়া উচিত।

95 এই মেষদের কাছে এটা এতই আশ্চর্যজনক ছিল যে তারা বলল, "প্রভু, কবে আপনি ক্ষুধার্ত ছিলেন ? আর আমরা আপনাকে ভোজন...কবে আপনাকে ক্ষুধিত দেখিয়া ভোজন করাইয়াছিলাম ? কিম্বা বস্ত্রহীন দেখিয়া বস্ত্র পরাইয়াছিলাম ? কখন আপনাকে পিপাসিত দেখিয়া পান করাইয়াছিলাম ? কবেই বা আপনাকে পীড়িত দেখিয়া আপনার সেবা করিয়াছিলাম ?"

96 এটা তাই স্বতঃস্ফূর্তভাবে প্রেমের দ্বারা, আপনার জীবন তাদের মধ্যে বাস করার মাধ্যমে। ঈশ্বর, লোকদের দেখতে দিন কালভেরী আমাদের জন্য কি করেছে, স্বতঃস্ফূর্তভাবে।

"আপনি কখন, প্রভু ? আমরা জানতাম না।"

97 দেখুন যীশু তাদের কি বললেন, "আমার এই ভ্রাতৃগণের প্রতি যখন ইহা করিয়াছিলে, তখন আমারই প্রতি করিয়াছিলে।"

98 নিঃস্বার্থ জীবন; দ্বিতীয় চিন্তা নয়। এটা নিয়ে ভাবতে হবে না; কিন্তু আপনি এই জগতের বিষয়ের জন্য এতটাই মৃত, এবং খ্রীষ্টে এতটাই জীবিত, তাই আপনি রাজপথে হাঁটছেন, যে এই বিষয়গুলি স্বতঃস্ফূর্তভাবে ঘটে। আপনি এমনিই এটি করেন। "ঠিক আছে, এখন, প্রভু চান, প্রভু, যেন আমি এটা করি," এমনটি না বলেই। এটা তা নয়। আপনি তাঁর অংশ। তাঁর আত্মা আপনার মধ্যে আছে, আর তিনি যেভাবে কাজ করেছিলেন আপনি সেইভাবে কাজ করেন। আহ্ ! এটা বুঝতে পেরেছেন।

99 "একটী পথ আছে, যাহা মানুষের দৃষ্টিতে সরল, কিন্তু তাহার পরিণাম মৃত্যুর পথ।"

100 "যাহারা আমাকে 'হে প্রভু, হে প্রভু,' বলে তাহারা সকলেই যে প্রবেশ করিতে পাইবে এমন নয়, কিন্তু যে ব্যক্তি আমার পিতার ইচ্ছা পালন করে সেই পাইবে," মুক্তভাবে তাদের হৃদয় থেকে।

101 এখন, কালভেরীতে সেই দিন এর মূল্য পরিশোধ করা হয়েছে, যেন আমরা তাঁর মতো হতে পারি।

102 বলবেন না, "আপনি জানেন, বিধবা জোন্স এক সময়...তার কয়লা শেষ হয়ে গিয়েছিল, আর আমি গিয়ে তাকে কিছু কয়লা কিনে দিয়েছিলাম। আমি আপনাকে বলছি, আমি একজন ভাইকে দেখলাম যার একটি স্যুটের দরকার ছিল, আর আমি গিয়ে তাকে একটি স্যুট কিনে দিলাম। ঈশ্বরের ধন্যবাদ করি ! আমি একজন খ্রিস্টান।" ওহ্, আমার ! আপনি একজন স্বার্থপর, দরিদ্র, হতভাগ্য মানুষ। আপনি একটা ভন্ড।

103 “তোমার দক্ষিণ হস্ত কি করিতেছে, তাহা তোমার বাম হস্তকে জানিতে দিও না, এবং তোমার বাম হস্ত কি করিতেছে, তাহা তোমার দক্ষিণ হস্তকে জানিতে দিও না।” ঠিক সেইভাবে স্বতঃস্ফূর্তভাবে খ্রীষ্টে মৃত, যতক্ষণ না আপনি এটি করেন, যেভাবেই হোক। এটা আপনার স্বভাব। এটা আপনার রং। যেভাবেই হোক আপনি এটা করেন। এটি সেই জীবন যা আপনার মধ্যে বাস করে। আপনি সম্পূর্ণরূপে সেই আত্মার কাছে সমর্পিত, আর এটি আপনার মধ্যেই বাস করে। ওহ, আপনি সেই ধন্য আত্মা অনুভব করেন, সেই জীবন! “আমি আর জীবিত নই,” পৌল বলেছেন, “কিন্তু খ্রীষ্টই আমাতে জীবিত আছেন,” স্বতঃস্ফূর্তভাবে।

104 “ঠিক আছে, আমি আপনাকে বলছি, ভাই ব্রানহাম, আমরা এখানে খ্রিস্টান। আমরা *এই* লোকদের সাহায্য করি। আমরা *তাদের* সাহায্য করি।” ওহ, আমার! আপনার লজ্জিত হওয়া উচিত। এটা খ্রিস্টধর্ম নয়।

105 খ্রিস্টধর্ম স্বতঃস্ফূর্তভাবে হয়। এটা হতে হবে। আর আপনি সবকিছু ভুলে যান, “আমি করবো না।” যান, এটা করুন।

106 খ্রীষ্ট সম্পূর্ণরূপে ঈশ্বরের কাছে তাঁর জীবন সমর্পণ করেছিলেন। তিনি নিজেকে জনগণের কর্মচারী হিসেবে সমর্পণ করেছেন। তিনি বিনামূল্যে তার জীবন দিয়েছেন। তাকে এটা করতে হয়নি। তিনি অযৌক্তিকভাবে এটি করেননি। তিনি বলেন নি, “এখন, ভাইরা, তোমাদের সকলেরই আমার বিষয়ে অনেক কিছু ভাবা উচিত, কারণ আমি তোমাদের জন্য প্রাণ দিতে এসেছি।” এ বিষয়ে তিনি কোনো কিছু বলেননি। যেভাবেই হোক, তিনি প্রাণ দেন, কারণ তাঁর মধ্যে ঈশ্বর ছিলেন।

107 এটি আপনার মধ্যে ঈশ্বর, এটি আমার মধ্যে ঈশ্বর, যা আমাদের অন্যদের দিকে তাকাতে বাধ্য করে। মেষ, একপাশে।

108 তাদের একজন বলবে, “ঠিক আছে, প্রভু, আমি *এটা* করেছি। আর, প্রভু, আমি *সেটা* করেছি।”

109 তিনি বলবেন, “হে অধর্ম্মাচারীরা, আমার নিকট হইতে দূর হও। আমি কখনও তোমাদিগকে জানি নাই।”

110 যদি মণ্ডলী কখনও সেই মৌলিক সত্যে আসতে পারে, যে এটি এমন কিছু নয় যা আপনি করার চেষ্টা করেন, আপনি নিজে করেন না। এটি এমন কিছু যা আপনার মধ্যে জন্ম নিয়েছে।

111 আমার পেন্টিকোস্টাল বন্ধুরা আমাকে ক্ষমা করুন। আমি পেন্টিকোস্টাল। কিন্তু আমার পেন্টিকোস্টাল বন্ধুরা একটি স্থানে

পৌঁছেছে, যেখানে এটি—এটি অনেক দ্রুত সঙ্গীত হতে হবে, কিছু ব্যান্ডের প্রহার, হাততালি, অথবা খঞ্জনী, একটি চিৎকার নিয়ে আসার জন্য। এটা শুধুই আবেগ। তারা যুদ্ধে যাওয়ার আগে ব্যান্ড বাজায়। তারা যুদ্ধের আবেগে মানুষকে নিয়ে আসে। আমি সঙ্গীতে বিশ্বাস করি। আমি হাততালিতে বিশ্বাসী। তবে আমি এই বিষয়গুলি বিশ্বাস করি। এটা সত্য। আমদের সেটা থাকা উচিত।

112 কিন্তু আপনি মহান বিষয়গুলি পূর্বাবস্থায় রেখে গেছেন, সেই আত্মত্যাগী জীবন যেখানে ঈশ্বর আপনার মধ্যে বাস করেন, স্বতঃস্ফূর্তভাবে যা সঠিক তা করছেন কারণ এটি সঠিক। শুধু চলতে থাকুন, এই বিষয়ে কিছু ভাববেন না। শুধু এটা জীবনে পালন করতে থাকুন। তারপর দেখুন, আপনি দেখুন কি ঘটে। আপনি শুধু... আপনি করবেন না...আপনি রাজপথে আছেন। আপনার কাছে এটাই কালভেরীর অর্থ, রাজপথে, সেই দিনটি আপনার জন্য উন্মুক্ত হয়ে যায়।

113 এখন, এখন মনে রাখবেন, আপনি অর্ধেক ছাগল এবং অর্ধেক মেষ হতে পারেন না। তারা মিশ্রিত হতে পারে না।

114 এখন, অনেক লোক বলেন, "হ্যাঁ, আপনি কি জানেন? আমাদের দলে একটি ধর্মসম্প্রদায় আছে। আমরা, আমরা গরীবদের সাহায্য করি। আমরা *এটা* করি।" সেগুলো ঠিক আছে, কিন্তু আপনি এই বিষয়ে আপনার নিজের শিঙ্গা বাজাচ্ছেন। আপনাদের এটা করা ঠিক না।

115 "তোমার দান যেন গোপনে হয়," যীশু বলেছেন। স্বতঃস্ফূর্তভাবে, আপনার নিকট কিছু, চলে যাওয়ার থেকে বেশী নয়, জল পান করা। আপনি তৃষ্ণার্ত। যদি অপর মানুষটি তৃষ্ণার্ত হয়, আপনি তার বিষয়েও ভাবুন। অপর মানুষটির প্রয়োজনের বিষয়ে, আপনি তার বিষয়ে আপনার নিজের প্রয়োজনের মতোই ভাবুন। আর এটিতে কোন মনোযোগ দিবেন না। জীবনযাপন করতে থাকুন।

এখন, আপনি অর্ধেক মেষ এবং অর্ধেক ছাগল হতে পারেন না।

116 তাই যদি আপনি বলেন, "ঠিক আছে, আমাদের মণ্ডলীর একটি ধর্মসম্প্রদায় রয়েছে। আমরা দরিদ্রদের দান করি, আর আমরা *এটা* করি, *সেটা* করি, *ইত্যাদি* করি।"

117 যদি আপনাদের কাছে খ্রীষ্টের জীবন ছাড়া এগুলো থাকে, আপনারা এটি বৃথাই করছেন। যীশু...পৌল বলেছেন, প্রথম করিন্থীয় ১৩ তে, "আর যথাসর্ব্বস্ব যদি দরিদ্রদিগকে খাওয়াইয়া দিই,

এবং পোড়াইবার জন্য আপন দেহ দান করি, তবে আমার কিছুই লাভ নাই।"

118 এখন, এটি কঠিন, তবে এটি সত্য। আপনাকে সেই সত্যে আসতে হবে, কালভেরী আপনার জন্য কী করেছে তা চিনতে হবে। আমরা এটা দেখি, এবং বলি, "ওহ, হ্যাঁ, এটা ঠিক আছে।" এটা তা নয়। যদি ঈশ্বরের সেই পুত্রকে ক্রুশবিদ্ধ হওয়ার জন্য কালভেরীতে যেতে হয়, তাহলে প্রত্যেক পুত্রকে অবশ্যই কালভেরীতে যেতে হবে। তারও একটা কালভেরী থাকতে হবে। আপনার অবশ্যই সেই কালভেরীর দিন আছে। আমার সেই কালভেরীর দিন থাকতে হবে। এটি পাপের প্রশ্ন নিষ্পত্তি করে। প্রচারকের সাথে করমর্দন করা নয়; মণ্ডলীতে কেঁপে উঠা নয়; চিঠির দ্বারা আহুত নয়; পেশাগত কাজের দ্বারা আহুত না। কিন্তু জন্মের দ্বারা আহুত। তিনি কোনো চিঠি দেননি। তিনি কখনো পেশা দেননি। তিনি একটি জন্ম দিয়েছেন। এভাবেই আমরা ভিতরে প্রবেশ করি। তারপর, সেখান থেকে, স্বতঃস্ফূর্তভাবে আমরা খ্রিস্টান জীবনযাপন করি।

119 এখন, আরেকটি মন্তব্য। অর্ধেক ছাগল, অর্ধেক মেষ, এমন কিছু নেই। আপনি হয় ছাগল নয় মেষ। আপনি অর্ধেক ছাগল এবং অর্ধেক মেষ নন। আপনি হয় ছাগল নয় মেষ।

120 এখন, আপনি যদি শুধু ভালো কাজ করেন, আর মনে করেন যে আপনি এতে প্রবেশ করতে পারবেন, তাহলে কালভেরীর দিনটি থাকত না। নিয়মে তা দেওয়া হয়েছে। কিন্তু, কালভেরী একটি দিন নেওয়া হচ্ছে, এটি আনার জন্য, যাতে আমরা শুধু মণ্ডলীর সদস্য না হই, কিন্তু ঈশ্বরের পুত্র ও কন্যা হতে পারি। কালভেরীর দিনটাও সেই জন্য ছিল। এটি আপনার কাছে যা বোঝায়, যাতে আপনি যীশুর মতো এটি করতে পারেন, তাকে অনুসরণ করতে পারেন এবং কাজ করতে পারেন।

121 এখন, নদী একই সাথে উপরে এবং নীচে বয়ে যায় না। নদী শুধু এক দিকে বয়ে যায়। আর ঈশ্বরের আত্মা শুধু এক পথে সঞ্চালিত হয়। এটি অন্য বিষয়গুলি মিশ্রিত করে না। একই ভাবে চলতে থাকে।

122 যীশুর দিকে দেখুন, সমাপ্তিতে। যীশু বলেছিলেন, "আমি যে সকল কার্য্য করিতেছি, সেও করিবে, এমন কি, এ সকল হইতেও বড় বড় কার্য্য করিবে, কেননা আমি পিতার নিকটে যাইতেছি।"

123 আমি এখানে মণ্ডলীর কাছে এতটা বলছি না। আপনারা বুঝতে পারছেন। কিন্তু এই বার্তাগুলি টেপ করা হয়। বিশ্বজুড়ে হাজার হাজার মানুষ সেগুলো শুনেন।

124 আমি এখনই সমালোচকদের জন্য সেই প্রশ্নের উত্তর দিতে চাই। আমাকে প্রায়ই বলা হয়...বলা হয়। তারা বলে, "কেন, আপনি বাইবেল বিশ্বাস করেন? যীশু বলেছেন, 'আমি যে সকল কার্য্য করিতেছি, সেও করিবে, এমন কি, এ সকল হইতেও বড় বড় কার্য্য করিবে, কেননা আমি পিতার নিকটে যাইতেছি।'"

125 আপনি কতটা খারাপ হতে পারেন, মশাই? আপনার বুদ্ধিবৃত্তিক তত্ত্ব দিয়ে আপনি বিচক্ষণতা থেকে কত দূরে বিচরণ করতে পারেন, কোন বিষয়ের সম্পর্কে আপনার মানসিক ধারণা নিয়ে? আমার সদয় ও হারিয়ে যাওয়া বন্ধু, আপনি কি বুঝতে পারছেন না যে এই বাইবেলটি আধ্যাত্মিকভাবে ব্যাখ্যা করা হয়েছে?

126 যীশু পিতাকে ধন্যবাদ দেন যে তিনি শিক্ষিত, বুদ্ধিমান, জ্ঞানী এবং বিচক্ষণদের কাছ থেকে এটি লুকিয়ে রেখেছিলেন, এবং কালভেরীতে আসা সন্তানদের নিকট এটি প্রকাশ করবেন।

127 এখন দেখুন। যীশু বলেছেন। দেখুন কিভাবে তিনি এটা বলেছেন। "আমি যে সকল কার্য্য করিতেছি," তিনি এখন সেই কাজ করছেন। "আমি এখন যে কাজগুলি করছি, অসুস্থদের আরোগ্যপ্রদান করা, মৃতদের জীবিত করা, অন্ধদের চোখ খুলে দেওয়া, এই কাজগুলি তোমরাও করবে। তোমরা যদি আমাতে বিশ্বাস করো তোমরাও এই কাজ করবে। তোমরাও এই কাজ করবে। তোমরা এর থেকেও বড় কাজ করবে, কারণ আমি আমার পিতার নিকট যাচ্ছি।"

128 "আর অল্প কাল গেলে জগৎ আর আমাকে দেখিতে পাইবে না, কিন্তু তোমরা দেখিতে পাইবে। আমি তোমাদের সঙ্গে থাকিব, এমনকি তোমাদের মধ্যেও, পৃথিবীর অন্ত পর্যন্ত। আমি তোমাদিগকে অনাথ রাখিয়া যাইব না। আর আমি পিতার নিকটে নিবেদন করিব; এবং তিনি আর এক সহায় তোমাদিগকে দিবেন, যিনি হলেন পবিত্র আত্মা, জগৎ তাঁহাকে গ্রহণ করিতে পারে না; কিন্তু, তোমরা তাকে গ্রহণ করিতে পারিবে।"

129 এখন লক্ষ্য করুন। সেই "বৃহত্তর" কাজ হল মণ্ডলীর মধ্যে ক্ষমতা, শুধুমাত্র প্রার্থনার মাধ্যমে আরোগ্যপ্রদান করা নয়, প্রার্থনার মাধ্যমে শয়তানকে তাড়ানো নয়, কিন্তু বিশ্বাসীদের অনন্ত জীবন প্রদান করা। পবিত্র আত্মা এসেছিল, এবং মণ্ডলীর হাতে দেওয়া হয়েছিল, জীবন দেওয়ার জন্য। ওহ! কালভেরী মানে এটাই। এটি নত হয়ে গেছে, নারী ও পুরুষকে অধঃপতিত করেছে, এবং তাদেরকে ঈশ্বরের পুত্র ও কন্যা হওয়ার জন্য একটি স্থানে

নিয়ে এসেছে, অসুস্থদের আরোগ্যপ্রদান করতে এবং অনন্ত জীবন প্রদান করতে; বাধ্য বিশ্বাসীদের পবিত্র আত্মা প্রদান করার মাধ্যমে, যারা একসময় অবিশ্বাসী ছিলেন, তাদের বিশ্বাসী করা হবে এবং আধ্যাত্মিক, অনন্ত জীবন প্রদান করা হবে।

130 এটা কত বড়: এটা বলা, "এই অসুস্থ মহিলা যিনি এখানে শুয়ে আছেন, আমি বিশ্বাসের প্রার্থনা করতে পারি, আর সে সুস্থ হয়ে উঠবে," এটি একটি মহান জিনিস, তখন তিনি এটাই করছিলেন; "কিন্তু," বলেছেন, "এর থেকেও বড় বড় কাজ তোমরা করবে; আমি তোমাকে ক্ষমতা প্রদান করব, তাকে শুধু কিছু সময়ের জন্য তুলে আনার জন্য নয়, কিন্তু তাকে অনন্ত জীবন দেওয়ার জন্য, যা হবে অনন্ত, চিরকালের জন্য।"

131 গরীব, অন্ধ, হতভাগা ব্যক্তিরা, কিভাবে আপনারা এটি হারিয়ে ফেলতে পারেন ? আপনারা কি দেখতে পাচ্ছেন না "বৃহত্তর" মানে কি ? এটি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বিষয়, মানুষকে অনন্ত জীবন প্রদান করা। অনন্ত জীবন কি ? তিনি যে জীবন যাপন করেছিলেন, যে জীবন তাঁর মধ্যে ছিল, অন্যদেরকে তা প্রদান করা। একজন মানুষ কি তা করতে পারেন ? ঈশ্বরের পুত্র তা পারেন।

132 যীশু বলেছেন, "তোমরা যাহাদের পাপ মোচন করিবে, তাহাদের মোচিত হইল; যাহাদের পাপ রাখিবে, তাহাদের রাখা হইল।"

133 এখন এখানেই যেখানে ক্যাথলিক চার্চ এবং আরও অনেকে তাদের বড় ভুল করে থাকেন। তারা বাইরে গিয়ে বলেন, "আমি তোমার পাপ ক্ষমা করি।" এটা তা নয়।

134 কিভাবে বাইবেলে তাদের পাপের ক্ষমা হয়েছিল ? পিতর সেই প্রশ্নের উত্তর দিয়েছিলেন, পঞ্চাশত্তমীর দিনে। তারা বলেছিল, "আমরা কিভাবে পরিত্রাণ পেতে পারি ? আমরা কিভাবে সেটা পেতে পারি যা তোমরা সকলে পেয়েছ ?" তিনি তাদের সেই বিধান দিলেন। তিনি তাদের বললেন কি করতে হবে।

135 তিনি বললেন, "মন ফিরাও, এবং তোমরা প্রত্যেক জন তোমাদের পাপমোচনের নিমিত্ত যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হও।" কিসের জন্য ? তোমাদের পাপের ক্ষমার জন্য। সেখানে সেই "বৃহত্তর" কাজ রয়েছে।

136 কতজন, আপনারা প্রচারকেরা আজ সকালে, কতজন, আপনারা টেপে আমার বার্তা শুনছেন, আজ সকালে কালভেরীতে যেতে ইচ্ছুক ? সেখানে ঈশ্বর আপনার জন্য কি করেছেন তা দেখার জন্য। আপনার ধর্মসম্প্রদায়ের ধর্মমত ত্যাগ করে সুসমাচার প্রচার

করুন। হালেলুইয়া ! এটা এখন আপনার ক্রোড়ে। আপনি এর সঙ্গে কি করতে যাচ্ছেন ?

137 "তাঁহার নামে পাপমোচনার্থক মনপরিবর্ত্তনের কথা সর্ব্বজাতির কাছে প্রচারিত হইবে, যিরূশালেম হইতে আরম্ভ করা হইবে।" হালেলুইয়া ! মহিমা ! সেখানে এটা।

138 আপনার কাছে কালভেরীর অর্থ কি ? সেই দিন আপনার জন্য কী করেছিল ? এটা কি আপনাকে কোন ধর্মতত্ত্ব দিয়ে ভরে দিয়েছিল ? এটা কি আপনাকে একটি ধর্মমতে ঠাসা ব্যক্তি তৈরি করেছে ? নাকি এটা আপনাকে খ্রিস্টান বানিয়েছে, বিক্রি হয়ে গেছে ? হালেলুইয়া !

139 পাপ, ক্ষমা করা হয়েছে! "এ সকল হইতেও বড় বড় কার্য্য তোমরা করিবে।" আপনারা কি দেখতে পাচ্ছেন কে সেই "তোমরা", আপনারা কি পাচ্ছেন না ? "এ সকল হইতেও বড় বড় কার্য্য," যীশু খ্রীষ্টের নামে, পাপ ক্ষমা করা।

140 কিন্তু ধর্মমত এবং ধর্মসম্প্রদায়ের মাধ্যমে, ইত্যাদি, এটি আপনাকে একটি স্থানে আবদ্ধ করে রেখেছে, আপনি এখনও জগতের সেবা করছেন। আমাকে কোনও পুরুষ দেখান, আমাকে কোনও মহিলা দেখান, কেউ কিছু বলার ফলে যিনি কালভেরীতে এসে বড় কেউ হওয়ার চেষ্টা করতে পারেন। আমাকে বলুন আপনি কালভেরী কোথায় দেখতে পারেন, এর সঠিক আলোতে, সেই দিন কালভেরীতে। আপনি কিভাবে কালভেরীতে আপনার দিন গ্রহণ করতে পারেন, আর একটি ধর্মমতে ঠাসা ব্যক্তি হয়ে বেরিয়ে আসতে পারেন ? আপনি কিভাবে কোন ধর্মসম্প্রদায়ের একটি পুতুল হয়ে বেরিয়ে আসতে পারেন, এবং কিছু মানবসৃষ্ট মতবাদ প্রচার করতে পারেন ? কেন এটা আপনাকে ঈশ্বরের বাক্যে বিনীত করে না ? আপনি যদি কখনও সেখানে যান, আপনি নম্র হয়ে বেরিয়ে আসবেন। কেমন করে আপনি আপনার প্রতিষ্ঠানের কোন বড় কিছু হতে চান, আপনার টুপিতে একটি পালক নিয়ে, যখন যীশু খ্রীষ্ট ঈশ্বরের পুত্র নিজেকে একটি ছিন্নভিন্ন দেহের কাছে, থুতুযুক্ত মুখের কাছে নত করেছিলেন, যতক্ষণ না লজ্জিত এবং অসম্মানকৃত হন ? আর তারা তাঁর পোশাক খুলে ফেলে এবং জগতের সামনে তাঁকে ক্রুশবিদ্ধ করে। "লজ্জাকে তুচ্ছ করে।" কীভাবে আপনি কালভেরীতে গিয়ে তিনি যা ছিলেন তার থেকে আলাদা কিছু হয়ে আসতে পারেন, অপমান, লজ্জা ?

"ওহ," আপনারা বলেন, "তারা আমাকে বের করে দিবে।" তাদের বের করে দিতে দিন।

141 কালভেরীতে আপনার দিন যাপন করুন, ঈশ্বর আপনার সাথে তাঁর পথ নিবেন। আমাকে পুনরায় সেটা উদ্ধৃতি করতে দিন। কালভেরীতে আপনার দিন যাপন করুন, ঈশ্বর আপনার সাথে তাঁর পথ নিবেন।

আসুন আমরা প্রার্থনা করি।

142 প্রভু, ঈশ্বর, এখনই আমাদের সবাইকে কালভেরীতে নিয়ে যান। আসুন আমরা স্বয়ং থেকে দূরে সরে যাই, প্রভু, লোকের ভয়, অন্য কেউ কি বলতে যাচ্ছেন সেই ভয়। কেন, সারা বিশ্ব তাকে নিয়ে হেসেছিল, তাকে নিয়ে ঠাট্টা করেছিল। কিন্তু তিনি বাধ্য ছিলেন, মৃত্যু পর্যন্ত। তিনি বাধ্য ছিলেন, অসম্মানের প্রতি। তিনি বাধ্য ছিলেন, এমনকি যুক্তরাষ্ট্রীয় সরকারের অধীনেও।

143 আমরা বুঝতে পারি যে শয়তান যখন এই পৃথিবীতে আঘাত করেছিল, তখন সে এই পৃথিবীতে শাসককে পরিনত হয় ও কর্তৃত্ব করে। সে আমাদের পালনকর্তার সামনে একই সাক্ষ্য দিয়েছিল, আর বলেছিল, “এই রাজ্যগুলো আমার। আমার যা ইচ্ছা আমি তাদের সাথে তাই করব।” আর আমরা বুঝতে পারি যে, সেই দিন থেকে আজ পর্যন্ত, এই পৃথিবী, অভিশাপের অধীনে, যে অভিশাপ দিয়েছিল তার দ্বারাই এটি শাসিত হয়েছে।

কিন্তু, ঈশ্বর, হে ঈশ্বর, আমরা এমন এক রাজ্যের সেবা করি যা অভিশপ্ত নয়।

144 পিতা ঈশ্বর, এটা কতটা আশ্চর্যজনক যে আপনি কিছু মহান কাজ করেছেন আজকের ছবির—ছবির জগতে। এই মহান ছবিগুলি, যেমন *দশ আজ্ঞা*, এবং আরও অনেক কিছু, যাতে পুরুষ ও মহিলারা দেখতে পান, এটি কোন গির্জার দরজাকেও অন্ধকার করবে না, তবে তাদের দেখতে দিন এটি কী। ঈশ্বরের পথ একটি প্রত্যাখ্যাত পথ, বিশ্বের দ্বারা। কারণ আমরা যেমন...আমরা সাম্যবাদের অধীনে রাশিয়ায় চলে যাই।

145 আমরা এই জগতে আছি, কিন্তু আমরা এই জগতের নই। আমরা কালভেরীতে গিয়েছি। আমরা নিজেদেরকে ক্রুশবিদ্ধ করেছি, ঈশ্বরের রাজ্যের জন্য, তাঁর একজন হওয়ার জন্য। জগতের লোক যাই বলুক না কেন, আমরা প্রভুর তুচ্ছ লোকের সাথে পথ চলি। আমরা পুনরুত্থানের দিকে এগিয়ে যাই, আর আমরা বিশ্বাস করি যে এটি শীঘ্রই ঘটতে চলেছে, প্রভু, যতক্ষণ না আমরা একটি রাজ্যে পুনরুত্থিত হই যা এই বিশ্বকে তার অধীনে নেয়। দানিয়েল যেমন এটি আগেই দেখেছিলেন, এবং এটি সমস্ত বিশ্বকে ভেঙে

ছোট তুষে পরিণত করেছিল, এবং বাতাস গ্রীষ্মের ফসল ঝারাইয়ের মেঝে থেকে এটি উড়িয়ে নিয়ে যায়। কিন্তু, সেই পর্বত, সেই পাথর একটি মহান পর্বতে পরিনত হয় যা পৃথিবী ঢেকে ফেলে। সেই পাথর আসবে। হে ঈশ্বর, আমরা এর অংশ হতে চাই। আসুন আমরা নিজেকে অস্বীকার করি, প্রতিদিন আমাদের ক্রুশ তুলে নিই, খ্রীষ্টে জীবনযাপন করি, অন্যদের জন্য জীবনযাপন করি। এটি প্রদান করুন, প্রভু।

146 আজ সকালে এখানে কিছু লোক আছে, যারা তাকে পরিত্রাতা হিসাবে জানে না, আর তারা চান যেন তাদের এই শেষ প্রার্থনায় স্মরণ করা হয়, আর চান যে এই দিনটি তাদের কালভেরীতে দিন হোক, আপনারা কি হাত তুলে বলবেন, "আমার জন্য প্রার্থনা করুন ভাই ব্রানহাম। আমি তাকে আমার ত্রাণকর্তা হিসাবে জানতে চাই।" ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, যুবক ভাই। অন্য কেউ? ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, সেখানে আমার ভাই।

147 অন্য কেউ কি বলবেন? বলুন, "আমি তাকে জানতে চাই। আমি চাই এটি আমার জন্য কালভেরীতে একটি দিন হোক। আমি অসুস্থ ও ক্লান্ত। আমি যে জিনিসটি করতে জন্মগ্রহণ করেছি তা এখানে তুচ্ছ করে আমার কী লাভ? আমি জন্মেছি, ঈশ্বরের পুত্র হওয়ার জন্য জন্মগ্রহণ করেছি, আর এখানে আমি জগতের বিষয়গুলিকে ধরে রেখেছি। ঈশ্বর, আজ আমাকে যেন ক্রুশবিদ্ধ করা হয়। আজ নিজেকে এবং আমার ধারণাকে ক্রুশবিদ্ধ করতে দিন, যেন আমি খ্রীষ্টের সাথে বাঁচতে পারি, এবং অন্যদের জন্য বাঁচতে পারি। তারা আমার সাথে যাই করুক না কেন, আমার উপহাস করার জন্য, আমাকে তাড়না করার জন্য, এবং আমার বিরুদ্ধে সমস্ত খারাপ কথা বলার জন্য, আমাকে নম্রভাবে একাকী চলতে দিন, নম্রভাবে, একটি মেষশাবকের মতো, যেমন তিনি করেছিলেন। আর কোনো একদিন, শেষ সময়ে, তিনি আমাকে পুনরায় উত্থাপিত করার প্রতিশ্রুতি দিয়েছেন। আমি সেই দিনটি দেখছি।" আরো কিছু হাত কি উপরে উঠবে? ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন সেখানে পিছনে, আর আপনাকেও। ঠিক আছে। আরো কেউ...ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। আরো কেউ, আমরা প্রার্থনা করার আগে।

148 আমাদের স্বর্গীয় পিতা, এটি বলা হয়েছে, যখন পিতর পঞ্চাশত্তমীর দিন প্রচার করেছিলেন, "যতজন বিশ্বাস করেছিলেন তারা মণ্ডলীভুক্ত হন।" তারা সত্যই তাদের সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করেছিল। এই লোকগুলো যারা তাদের হাত উপরে তুলেছেন, আমি

বিশ্বাস করি যে তারা তাদের সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করেছেন। আর যদি তারা করে থাকেন, তবে এখানে একটি ঝরণা রয়েছে। তারা চান সেই পাপ যাতে ক্ষমা হয়। এখানে কেউ আছেন যিনি তাদের সেই নামে বাপ্তিস্ম দিতে পারেন, আর একমাত্র নাম যা স্বর্গের নীচে মানুষের মধ্যে দেওয়া হয়েছে, যেন আমরা পরিত্রাণ পাই।

149 যেমন, আমি কিছু মুহূর্ত আগে শাস্ত্রের উদ্ধৃতি দিয়েছিলাম, যে, "তাঁহার নামে পাপমোচনার্থক মনপরিবর্ত্তনের কথা সর্ব্বজাতির কাছে প্রচারিত হইবে, যিরূশালেম হইতে আরম্ভ করা হইবে।" আর যিরূশালেমে, যখন পাপমোচনার্থক মনপরিবর্ত্তনের কথা প্রচার করা হয়েছিল, তখন প্রেরিত তাদের শাস্ত্রের কথা বলেছিলেন, আর বলেছিলেন তাদের অবশ্যই "প্রথমে মন ফিরাতে হবে, এবং তারপর যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম গ্রহণ করতে হবে।" এটাই ছিল প্রচারকের কাজ। যাতে তারা মন ফিরায়, এবং তিনি তাদের পাপের ক্ষমার জন্য তাদের বাপ্তিস্ম দেন। "তোমরা যাহাদের পাপ মোচন করিবে, তাহাদের মোচিত হইবে; যাহাদের পাপ রাখিবে, তাহাদের রাখা হইবে।"

150 পিতা, পৃথিবীটা এত ক্ষুব্ধ হয়ে উঠল কেন? কেন সহজ সুসমাচার বিশ্বাস করে না? এবং তারা এমনকি, এর জন্য, প্রতিস্থাপন নিয়ে আসে: মিথ্যা নাম, মিথ্যা বাপ্তিস্ম, মিথ্যা পবিত্র আত্মার বাপ্তিস্ম, সেবকদের সাথে করমর্দন, পিতা, পুত্র, পবিত্র আত্মার উপাধি ব্যবহার করা, যা শাস্ত্রে কোথাও নেই; রোমান ব্যক্তিদের দ্বারা তৈরি একটি নথি, বাইবেলের খ্রিস্টান শিক্ষা নয়। উপাধির মাধ্যমে পাপের ক্ষমা করা যায় না, কিন্তু যীশু খ্রীষ্টের নামের মাধ্যমে।

151 এখন, পিতা, আমরা জানি এটি অজনপ্রিয়। আপনার পথ সবসময় সেরকম। কিন্তু পুরুষ এবং মহিলারা, আজ সকালে, সেই দিনটিতে, সেই দিনটিতে কালভেরীতে আসুন। যেখানে, যীশু, সেই দিনকে, সেই লজ্জাকে তুচ্ছ করে, নগ্ন করার জন্য, টুকরো টুকরো করার জন্য, তাঁর উপর থুতু দেওয়ার জন্য, তাঁর উপহাস করার জন্য; সমগ্র বিশ্বের দ্বারা, মণ্ডলীর দ্বারা, সেই লোকেদের দ্বারা যাদের তাঁকে ভালবাসা উচিত ছিল। কিন্তু, সেই সবের মধ্যে, তিনি তার মুখ খোলেননি, বরং তিনি গিয়ে সেই লোকেদের জন্য তাঁর প্রাণ দেন।

152 ঈশ্বর, আজ সকালে আমাদের কালভেরীতে নিয়ে যান। যদি তারা বলে আমরা পাগল, তারা বলে যে আমরা ভুল বাক্য পেয়েছি,

তারা যা কিছু বলতে চায়, ঈশ্বর, তারা ঈশ্বরের উপস্থিতিতে দাঁড়িয়ে বলতে পারে না যে এটি ভুল।

তারা বাইবেল দ্বারা তাদের পাপ আবরণ করতে পারে না। বাইবেল তাদের পাপ উন্মোচন করে: তাদের অবিশ্বাস; জনপ্রিয় হওয়ার জন্য; বাকি লোকদের মত। আজ সকালে তাদের কালভেরীতে আসতে দিন।

153 "যিরূশালেম হইতে আরম্ভ করিয়া; তাঁহার নামে পাপমোচনার্থক মনপরিবর্ত্তনের কথা সর্ব্বজাতির কাছে প্রচারিত হইবে, যিরূশালেম হইতে আরম্ভ করা হইবে।"

তাদের আঘাত করার জন্য একই ক্রুশবিদ্ধ পদক্ষেপ নিতে দিন; তাদের উপর থুতু ফেলার জন্য; তাদের নিয়ে উপহাস করার জন্য; তাদের ধর্মত্যাগী এমন সবকিছু, তাদের যা ইচ্ছা তা বলার জন্য; মণ্ডলী ভঙ্গকারী; তারা যা কিছু বলতে চায়।

আমরা, প্রভু, আজ সকালে, প্রভুর তুচ্ছ কয়েকজনের সাথে যেন আমাদের পথ নিতে পারি। আমরা যেন প্রেরিতদের মতো চলতে পারি, ডানে বামে না ফিরে, আমরা যেন আমাদের হৃদয় থেকে ঈশ্বরের সেবা করতে পারি। এটা প্রদান করুন, পিতা।

154 এখন, প্রার্থনার লাইনে আসা অসুস্থ এবং পীড়িতদের আরোগ্যপ্রদান করুন। যারা হাত উপরে করেছেন, তারা হৃদয় থেকে, মন পরিবর্তন করুন, এখনই। যারা এতক্ষণ ধরে দূরে দাঁড়িয়ে আছে, তারা দ্রুত জলে নেমে পড়ুন আর তাদের পাপ ধুয়ে যাবে বলিদানের নাম, যীশু খ্রীষ্ট, ঈশ্বরের পুত্র দ্বারা। আমেন।

ক্রুশের যেখানে আমার ত্রাণকর্তা প্রাণ দিয়েছেন,
পাপ থেকে শুদ্ধ হওয়ার জন্য আমি সেখানে ক্রন্দন করেছিলাম;
সেখানে আমার হৃদয়ে রক্ত প্রয়োগ করা হয়েছিল;
তাঁর মহিমা হউক...

তাঁর নামের মহিমা হউক!
ওহ, তাঁর নামের মহিমা হউক!
ওহ, সেখানে আমার হৃদয়ে রক্ত প্রয়োগ করা হয়েছিল;
তাঁর নামের মহিমা হউক!

আমি আশ্চর্যজনকভাবে পাপ থেকে পরিত্রাণ
 পেয়েছি, (কিভাবে?)
যীশু মধুরভাবে অন্তরে থাকেন,
সেখানে ক্রুশে যেখানে তিনি...(তাঁর একজন
 হন।)...ভিতরে;
ওহ, তাঁর নামের মহিমা হউক!

তাঁর নামের মহিমা হউক!
তাঁর নামের মহিমা হউক! (মূল্যবান নাম!)
ওহ, সেখানে...হৃদয়ে রক্ত প্রয়োগ করা
 হয়েছিল;
তাঁর মহিমা হউক...

155 এটি কি আপনার জন্য কিছু করে না? আপনাকে বের করে দেয়। আপনার মধ্যে একটি আশা প্রদান করে: জীবন, অনন্ত জীবন।

156 "খ্রীষ্টের সাথে ক্রুশবিদ্ধ" হওয়া কি? অন্যের জন্য জীবনযাপন করা। এই অন্যরা কারা? যারা আপনাকে ঘৃণা করে, যারা আপনাকে পছন্দ করে না, যারা আপনাকে নিয়ে উপহাস করে: তাদের জন্য জীবনযাপন করুন; তাদের সাথে থাকুন; তাদের ভালবাসুন; "যাহারা তোমাদিগকে তাড়না করে, তাহাদের জন্য প্রার্থনা করিও, আমার নামের জন্য। পূর্ব্বে যে ভাববাদিগণ ছিলেন, তাঁহাদিগকে তাহারা তাড়না করিত।"

157 আমি ভেবেছিলাম এই বার্তাটি সম্ভবত আজ সকালে মণ্ডলীকে সাহায্য করবে, আপনারা দেখতে পাবেন যে আমাদের একটি কালভেরীর প্রয়োজন আছে, আমাদের ক্রুশবিদ্ধ হওয়ার দরকার আছে।

158 এখন এটা কি করেছে? এর মূল্য প্রদান করা হয়েছে। হুইলচেয়ারে থাকা বোন, এখানে যারা অসুস্থ এবং পীড়িত তাদের কাছে: এর মূল্য প্রদান করা হয়েছে; আপনাকে যা করতে হবে তা হল বিশ্বাস করুন যে এটি আপনার; একইভাবে এটি গ্রহণ করুন আর আপনি সুস্থ হয়ে যাবেন।

159 মনে রাখবেন: এখন এটা কি? আপনি পৃথিবীতে যেতে পারেন, সুসমাচার প্রচার করতে পারেন, অসুস্থদের সুস্থ করতে পারেন; এবং অনন্ত জীবন প্রদান করতে পারেন।

এটি আর কত বড় হতে পারে: এখানে একজন লোক এখানে শুয়ে আছে টিউমার নিয়ে—নিয়ে, ক্যান্সার, এটি যাই হোক না কেন। (আমরা তাঁকে অনেকবার তাঁর আশীর্বাদ দিতে দেখেছি এবং

পুরুষদের সুস্থ করতে, মহিলাদের সুস্থ করতে দেখেছি; বিশ্বজুড়ে হাজার হাজার অব্যর্থ ঘটনা, দেখুন, তাদের খাট, স্ট্রেচার থেকে বের করা হয়েছে; ক্যান্সারগ্রস্থ মানুষেরা; আজ, ভালো, সুস্থ মানুষ।) "আমি যে সকল কার্য্য করিতেছি, সেও করিবে, এমন কি, এ সকল হইতেও বড় বড় কার্য্য করিবে": "এর থেকেও অধিক," সঠিক।

কি ? আমি যীশুর নামের মাধ্যমে তাদের আয়ু বাড়িয়ে দিয়েছি, যাতে তারা কয়েকদিনের জন্য আয়ু বেড়ে যায়।

কিন্তু, "তোমরা এর থেকেও বেশি কিছু করবে: তোমরা আমার নামের দ্বারা তাদের অনন্ত জীবন দিবে।" বাহ্ !

160 সেই মহামূল্যবান নামের জন্য আপনারা কেন লজ্জিত হবেন ? কেন মানুষ এটা থেকে দূরে সরে যাবে ? এটা শয়তান। অবশ্যই।

161 "তাঁহার নামে পাপমোচনার্থক মনপরিবর্ত্তনের কথা সর্ব্বজাতির কাছে প্রচারিত হইবে, যিরূশালেম হইতে আরম্ভ করা হইবে।" যেখানে বার্তাটি প্রথমে বেরিয়েছিল সেখানেই। এটা কি সঠিক ? "তাঁহার নামে পাপমোচনার্থক মনপরিবর্ত্তনের কথা প্রচারিত হইবে, যিরূশালেম হইতে আরম্ভ করা হইবে।"

162 এখন, প্রথমে, তিনি যেমনটি করেছিলেন আমরা তেমনই করব: অসুস্থদের সুস্থ করার জন্য প্রার্থনা করব।

163 তার পরে, আমারা সেই দান পাব: জল প্রস্তুত আছে, এখানে, যারা বাপ্তিস্ম নিতে চায় তাদের জন্য (এখানে মহিলাদের জন্য পোশাক রয়েছে, এখানে পুরুষদের জন্য পোশাক রয়েছে), আপনাদের পাপ ধুয়ে ফেলার জন্য প্রস্তুত; কারণ মনে রাখবেন, শুধুমাত্র বাইবেলের শিক্ষা অনুযায়ী আপনি আপনার পাপের ক্ষমা পেতে পারেন। "কেননা আকাশের নীচে মনুষ্যদের মধ্যে দত্ত এমন আর কোন নাম নাই, যে নামে আমাদিগকে পরিত্রাণ পাইতে হইবে।"

164 পৌল ইতিমধ্যেই বাপ্তিস্ম নিয়েছিলেন এমন কয়েকজনের সাথে দেখা করেন। আর তারা চিৎকার করছিল, বিজয় লাভ করেছিল। তিনি বললেন, "কিসে বাপ্তাইজিত হইয়াছিলে ?"

তারা বলল, "যোহনের বাপ্তিস্মে।"

তিনি বললেন, "যোহন মনপরিবর্ত্তনের বাপ্তিস্মে বাপ্তাইজ করিতেন।" এখন, এটি বুঝে নিন: মনপরিবর্ত্তনের জন্য, পাপের ক্ষমার জন্য নয়। কতজন সেটা বুঝতে পেরেছেন ? পাপ মোচনের জন্য নয়। তারা মনপরিবর্ত্তনের জন্য ঠিকই বাপ্তিস্ম নিয়েছিল। তারা মনপরিবর্ত্তন করেছিলেন: "হ্যাঁ, মহাশয়, আমি মনপরিবর্ত্তন করেছি। আমি, বিশ্বাস করি তিনি আসছেন।" তারা *মনপরিবর্ত্তনের*

*জন্য* বাপ্তিস্ম নিয়েছিল; বলতে হবে, "প্রভু যীশু খ্রীষ্টের উপর বিশ্বাস করে।"

165 অতঃপর যখন তারা *একথা* শুনল (যে বলিদান চলে এসেছেন), তারা যীশু খ্রীষ্টের নামে পুনরায় বাপ্তিস্ম নেন। তারপরে, তাদের উপর পবিত্র আত্মা অর্পণ করা হয়েছিল, যখন তিনি তাদের উপর তার হাত রাখেন; আর তারা ভিন্ন ভাষায় কথা বলে এবং ভবিষ্যদ্বাণী করে।

166 এখন, আপনি কিভাবে সেই বাক্য পরিবর্তন করবেন? আপনি বাইবেলের এমন একটি স্থানে আপনার আঙুল রাখুন যেখানে কেউ তাদের পাপের ক্ষমা পেয়েছে, নতুন নিয়মে, আর কখনও যীশু খ্রীষ্টের নামে ছাড়া অন্য কোন উপায়ে বাপ্তিস্ম নেওয়া হয়েছিল।

167 আমাকে বাইবেলের এমন একটি স্থান দেখান যেখানে কোনো ব্যক্তি পিতা, পুত্র, পবিত্র আত্মার নামে বাপ্তিস্ম নিয়েছে। অথবা আমার টেবিলে একটি ইতিহাস নিয়ে আসুন, একটি মণ্ডলীর ইতিহাস যেখানে কেউ বাপ্তিস্ম নিয়েছে পিতা, পুত্র এবং পবিত্র আত্মার নামে, শেষ প্রেরিতের মৃত্যুর তিনশত বছর পর পর্যন্ত, যখন ক্যাথলিক গির্জা সংগঠিত হয়।

168 এখন, আমি *প্রাক-নাইসিয়ান ফাদারদের* পেয়েছি, আর... সকল ইতিহাসবিদ, সবকিছু, আমার পাঠে: বিশ্বের সবচেয়ে প্রাচীন, পবিত্র ইতিহাস; আমাদের কাছেই একমাত্র অকাট্য প্রমাণ।

169 *আওয়ার সানডে ভিজিটর* পাঠ করুন, অথবা ক্যাথলিক গির্জার প্রশ্নোত্তরমালা পড়ুন আর তাদের দেখুন, তারা কী বলে: "কিছু প্রোটেস্ট্যান্টরা সম্ভবত রক্ষা পাবেন, কারণ তারা ক্যাথলিক মতবাদের কাছে মাথা নত করে: কারণ তাদের বাইবেল বলে, 'যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম নিন,' কিন্তু আমরা 'যীশুর নাম' এর গুরুত্ব দূর করে দিয়ে এটি 'পিতা, পুত্র, পবিত্র আত্মার' সঙ্গে লাগিয়েছি, আর তারা এটি স্বীকার করে।"

এখন, আমাকে এর বিপরীত একটি বাক্য দেখান।

170 সেখানে এটি। তবুও, বিশ্ব এর কাছে মাথা নত করে। কেন? তারা কখনই কালভেরীতে যায়নি। এটাই। তারা কখনো দেখেনি।

171 তারা আপনাকে নিয়ে উপহাস করবে এবং আপনাকে বলবে... এমনকি তারা আপনাকে বলবে, "পবিত্র-গড়ানোর দল," "জিজাস ওনলি," আর সকল ধর্মান্ধ নাম যা তারা পারে দিতে পারে। তারা আপনাকে কি বলে ডাকে তাতে কি যায় আসে? তারা কি করেছে...তিনি কি ভেবেছিলেন তারা তাকে কি বলে? তাকে

ক্রুশবিদ্ধ করা হয়েছিল। তিনি ঈশ্বরের জন্য জীবিত ছিলেন, একমাত্র ঈশ্বরের জন্য। আর যদি সেই একই আত্মা, যা তাঁর মধ্যে ছিল, আপনার মধ্যে থাকে, তাহলে আপনাকে একই কাজ করতে বাধ্য করবে: তাঁর নাম বহন করতে। "তোমরা যাহা কিছু কর" (বাইবেল বলে) "বাক্যে কি কার্য্যে, সকলই প্রভু যীশুর নামে কর, তাঁহার দ্বারা ঈশ্বরের ধন্যবাদ করিতে করিতে ইহা কর।"

172 আপনারা সেই ত্রিমূর্ত্তি, পৌত্তলিক মতবাদ কোথায় পেয়েছেন? একটি প্রশ্নোত্তরমালা থেকে, বাইবেল থেকে নয়। "ট্রিনিটি" এমনকি আদিপুস্তক থেকে প্রকাশিত বাক্য পর্যন্ত শাস্ত্রে কোথাও উল্লেখ করা হয়নি। এমন কিছুই নেই। ত্রিত্ববাদী ঈশ্বর বলে কিছু নেই। তিনি ঈশ্বর, একমাত্র ঈশ্বর, এক ঈশ্বর। সর্বদা তিনি এক ঈশ্বর ছিলেন। তিনি তিনটি কার্যক্ষেত্রে কাজ করেছিলেন: তিনি একবার মোশির অধীনে পিতা হিসাবে কাজ করেছিলেন। তিনি একবার সেবাকার্য করেছিলেন, পুত্র হিসাবে, যীশু। তিনি এখন পবিত্র আত্মা হিসেবে কাজ করছেন। কিন্তু তিনি এক ঈশ্বর। এক ঈশ্বর, তিনটি নাম নিয়ে নয়। তিনটি কার্যক্ষেত্রে, একটি নামে তিনটি উপাধি: যীশু খ্রীষ্ট।

173 কোন কিছু ভিন্ন হল পৌত্তলিক; যদি তা না হয়, আমি কাউকে এটি দেখানোর জন্য জিজ্ঞাসা করি। সেটা ঠিক। আমি বছরের পর বছর, বছরের পর বছর ধরে বলেছি, কিন্তু কেউ এটি গ্রহণ করেনি, এখনও (দেখুন?), কারণ এটি হতে পারে না। আমি...এখানে বাইবেল রয়েছে, প্রথমে; আর এটি সঠিক প্রমাণ করার জন্য সেখানে প্রাচীন ইতিহাস রয়েছে। আর শয়তান কেন... ? আমি...ঠিক আছে, বাইবেল বলেছে যে তারা এইরকম করবে: "তারা কিভাবে আসতে পারে, যতক্ষন না আমি তাদের নিকটে আনি?" এই বিষয়ে আমি শুধু এতটাই জানি। এটাই যীশু বলেছেন, তাই...

174 আমি সেটা বলছি না...আমি যদি এমন বলি, আর এইভাবে একটি বার্তা প্রচার করি, তাহলে আমি আপনাদের মধ্যে সর্বনিম্ন কপটাচারী হতাম। সেটা ঠিক। আমি এটা বলছি কারণ এটি সত্য এবং এটি জীবন। যতজন খ্রীষ্টে বাপ্তাইজিত হয়েছেন, খ্রীষ্টকে পরিধান করেছেন। তাঁর নামে, তাদের কাছে জীবন আছে।

175 আমরা তাঁর নামে প্রার্থনা করি, তাঁর নামে অনুসন্ধান করি, তাঁর নামে প্রচার করি, তাঁর নামে বাপ্তিস্ম প্রদান করি, তাঁর নামে জীবনযাপন করি, তাঁর নামে মারা যাই, তাঁর নামে স্বর্গে প্রবেশ করি, তাঁর নামে পুনরুত্থিত হই। "স্বর্গের সকল পরিবারের নাম যীশু।" বাইবেল তাই বলে: "পৃথিবীর সকল পরিবারের নাম যীশু।" তিনি বলেছেন, "আমি আমার..."

আপনারা বলেন, "ঠিক আছে, এটা পিতার নামে।"

*পিতা* কোন নাম নয়, এটি হল একটি উপাধি। তিনি বলেছিলেন, "আমি আপন পিতার নামে আসিয়াছি, আর তোমরা আমাকে গ্রহণ কর না।" এখন, তিনি কোন নামে এসেছিলেন? আহ-হাহ। অবশ্যই, "...আর তোমরা আমাকে গ্রহণ কর না।"

176 সেখানে এটি; এটি ঠিক, হ্যাঁ, এটি জ্ঞানী ও বিচক্ষণদের চোখ থেকে লুকিয়ে আছে। অবশ্যই, এটি নিশ্চিত, উহ্-হুহ্।

177 আর প্রকাশিত বাক্যে, যেমন আমরা অন্য দিন শিখিয়েছিলাম: সেখানে পুরানো বেশ্যা গির্জা রয়েছে, যেটি হল প্রথম ধর্মসম্প্রদায়; তার একগুচ্ছ কন্যা ছিল যা তার থেকে জন্মগ্রহণ করেছিল। তারা একই কাজ করে, একই অভ্যাস রয়েছে। তারা সকলে বাবিলে একত্রিত হয়, একই ভাবে, একটি...রোমের গির্জার সাথে ধর্মসম্প্রদায়ের বিশ্ব—বিশ্ব পরিষদে; সেখানে সে, সকলে একত্রিত হচ্ছে, একই বিষয়ে, একই নৌকায়।

178 কিন্তু ঈশ্বরের মণ্ডলী (হালেলুইয়া!), এটি একটি বাইরে নিয়ে আসা মণ্ডলী, আলাদা করা। কিভাবে মণ্ডলী নির্মিত হয়? আপনি এটা কিভাবে জানবেন? আপনি কিভাবে এটি সত্য বলে জানতে পারেন? যখন ঈশ্বর আপনার কাছে এটি প্রকাশ করেন। কীভাবে—কীভাবে হেবল জানল যে এটি ছিল আপেলের পরিবর্তে একটি মেষশাবক? এটি তার কাছে প্রকাশ করা হয়েছিল: "বিশ্বাসের দ্বারা হেবল ঈশ্বরের কাছে উৎকৃষ্ট বলি উৎসর্গ করেছিলেন।"

179 রূপান্তর পর্বত থেকে নেমে এসে, যীশু বলেছেন, "লোকেরা আমার বিষয়ে কি বলে?"

কেউ বললেন, "এলিয়," "মোশি," ইত্যাদি।

তিনি বললেন, "কিন্তু আমি তোমাকে জিজ্ঞাসা করছি, 'তোমরা কি বলো আমি কে?'"

পিতর বললেন, "আপনি খ্রীষ্ট, জীবন্ত ঈশ্বরের পুত্র।"

180 তিনি বললেন, "তুমি কখনো এটা শিখোনি..." অন্যথায় (আমি এটি বলি, বড় হওয়ার জন্য নয়, তবে একটি বিষয় নিয়ে আসার জন্য): "আপনি কোনো সেমিনারিতে এটি শিখেননি; কোন মানুষ আপনাকে এটি শেখায়নি; কিন্তু আমার পিতা, যিনি স্বর্গে আছেন, তিনি তোমার কাছে এটি প্রকাশ করেছেন: সেই **আমি** (পিতা, পুত্র এবং পবিত্র আত্মা নই, কিন্তু, আমি যীশু খ্রীষ্ট)। আর এই পাথরের উপর (কোন পাথর? সেই একই যেখানে হেবল গিয়েছিলেন; সেই একই পাথরের উপর।) এই পাথরের উপর,

ঈশ্বরের আধ্যাত্মিক প্রকাশিত সত্য, আমি আপন মণ্ডলী গাঁথিব, আর পাতালের পুরদ্বার সকল তাহার বিপক্ষে প্রবল হইবে না।” সেটা ঠিক। তারা এটি চেষ্টা করে, কিন্তু তারা কখনই বিজয়ী হবে না। দেখুন ?

181 তাই কালভেরীতে যান, ক্রুশবিদ্ধ হন, ফিরে আসুন এবং প্রভুর জন্য তুচ্ছকৃত কয়েকজনের সাথে আপনার পথ নিন, এগিয়ে যান।

182 এখন, প্রভু, আমরা আপনার কাছে সকল কিছু সমর্পণ করছি। আমি জানি না, এই মণ্ডলীর বাইরে, এখানে কি আছে। আমার জানতে পারার কোন ধারণা নেই, প্রভু, যদি আপনি এটি প্রকাশ না করেন। আর এখন, পিতা ঈশ্বর, আমি আপনাকে এটি করতে বলছি না। আমি তা জনগণের কোলে তুলে দিয়েছি। সেখানে তারা। আজ সকাল যেন এক বাস্তব কালভেরী হয়; এটি স্ব-ইচ্ছা, এবং স্ব-আকাঙ্ক্ষা এবং জীবনের বড় বিষয়গুলির জন্য একটি সত্যিকারের ক্রুশারোহণ হতে পারে।

183 পুরুষরা যেন নম্র হয়, এবং প্রভুর জন্য তুচ্ছকৃত কয়েকজনের সাথে পথ নেয়। তারা যেন নম্রভাবে চলাফেরা করে। তারা এই রাজ্যে, ঈশ্বরের এই মহান রাজ্যে যেন জন্মগ্রহণ করে, যা হল একটি আধ্যাত্মিক দেহ, পৃথিবীতে খ্রীষ্টের স্বর্গীয় দেহ: “সকলেই এক দেহ হইবার জন্য একই আত্মাতে বাপ্তাইজিত হইয়াছি।”

184 এটি প্রদান করুন, প্রভু। তারা কালো, সাদা, হলুদ, বাদামী যাই হোক না কেন, তারা পুরুষ বা মহিলা, আবদ্ধ বা মুক্ত: আমাদের সকলকে একই আত্মা পান করানো হয়েছে।

185 এটা প্রদান করুন, পিতা, আর এটি...অনেকের মধ্যে, আজ সকালে, যেন তারা বুঝতে পারে; আপনি তাদের বোধশক্তি খুলে দিন। তারপর, এটি তাদের কাছে একটি নতুন দিনের মতো মনে হবে: সূর্য আলোকিত করবে, এবং মনুষ্যসৃষ্ট ধর্মতত্ত্বের বিষণ্ণ আলো দূরে সরে যাবে, আর ঈশ্বরের আলো তাদের পথ আলোকিত করবে, এই সুন্দর আলো যে পর্দা করে সেই পর্দা ভেদ করে। আর তারা পবিত্রতার রাজপথে হাঁটতে পারে, তারপর, অন্যদের জন্য জীবনযাপন করে, যেমন খ্রীষ্ট করেছিলেন।

186 এখন আমরা যখন প্রার্থনার লাইন নিয়ে আসি, আমি প্রার্থনা করি, আপনি আজ সকালে আপনার দাসদের অভিষেক করবেন, আমাদের সকলকেই, যেমন আমরা একে অপরের জন্য প্রার্থনা করি। আর আজ এই প্রার্থনা লাইনের মাধ্যমে আসা প্রতিটি অসুস্থ ব্যক্তিকে সুস্থতা প্রদান করুন। তারা যেন ফিরে আসতে পারে, সেই

ছোট আড়াআড়ি চোখযুক্ত মেয়েটির মত, আর সেই ছোট ছেলেটি, আর...আর সেই বৃদ্ধা, আর—আর ভাই রাইট, আর বাকিদের মত যারা এর মধ্য দিয়ে এসেছেন, প্রভু, রোগ, পীড়া অথবা এমন কিছু যা ডাক্তাররা নিরাময় করতে পারেনি; আর আজ তারা এখানে (এক সপ্তাহ আগে), আর তারা আজ এখানে, সুস্থ।

187 ঈশ্বর, পুরুষ ও নারীরা যেন একই বিশ্বাস নিয়ে এখান থেকে যেতে পারেন, এই জেনে যে তারা তাদের চিন্তাধারা এবং তাদের ধারণা "অতীত আরোগ্যলাভ" থেকে ক্রুশবিদ্ধ হতে কালভেরীতে যাচ্ছে। যে শক্তি যীশুকে কবর থেকে পুনরুত্থিত করেছিল তা তাদের জীবন, বিশ্বাসের মহান জীবন দান করুক।

188 আর তারপর, অবিলম্বে এর পরে, অনেকে যেন বাপ্তিস্মের জন্য জলে কাছে আসতে পারেন। আমরা প্রার্থনা করি, যীশুর নামে। আমেন।

189 এখন, প্রার্থনা লাইন এবং বাপ্তিস্ম সভার জন্য আমাদের কাছে মাত্র কুড়ি মিনিট আছে। এখন আমাদের কাছে প্রার্থনা কার্ড নেই। আমরা সেখান থেকে চলে এসেছি, আর আমরা বড় সভাগুলিতে এটি করব। আমি আপনাদের সকলকে বলেছি, আমরা এটি স্থাপন করেছি, আমরা এটি টেপ রেকর্ড করে নিয়েছি, আর আমি যেখানেই যাই না কেন, এই টেপগুলি আগে পাঠানো হবে।

190 চিহ্ন শুধুমাত্র আশীর্বাদ নির্দেশ করছে। উদ্দেশ্য ছিল, "আপনি যদি অসুস্থদের জন্য প্রার্থনা করেন তবে লোকেদের আপনাকে বিশ্বাস করতে দিন।"

আমি বলেছিলাম, "তারা আমাকে বিশ্বাস করবে না।"

তিনি বলেছিলেন, "তোমাকে এই চিহ্নগুলি দেওয়া হবে, আর এর দ্বারা তারা বিশ্বাস করবে।" চিহ্নগুলির এক বারও ব্যর্থ না হয়ে দশ বছর ধরে সারা বিশ্বে পুনরাবৃত্ত হয়েছে। এতে মোটেই ব্যর্থ হয়নি। কতজন জানেন যে এটি সত্য?

191 ঠিক আছে, আপনি যদি চিহ্নটি বিশ্বাস করতে পারেন, তাহলে বার্তাটি বিশ্বাস করুন। সেটা ঠিক। এটা এটি দেখায়। ঈশ্বর কি আমার মধ্যে একটি বার্তা রাখবেন (আর এটি এমন নিখুঁত হতে দিবেন, কিন্তু কি...) আর আমি আপনাকে যদি কিছু মিথ্যা বলি? ঈশ্বর আমাকে তা করতে দিবেন না। না, না। না, মহাশয়। আমি আপনাকে সত্যিটাই বলছি।

192 এখন, এখানে এই সারিতে, আপনারা যারা নিজের জন্য প্রার্থনা করতে চান, এই দিকে আসুন, যদি আপনারা চান, সেখানে,

ডানদিকে লাইন করুন। আর আমরা প্রার্থনা করার সাথে সাথে লোকেরা আসতে পারবে। আমাদের ছেলেরা—ছেলেরা আছে, সহকারীরা লক্ষ্য রাখবে; আর যখন তারা এখান দিয়ে আসেন, তারপর এই দিকে, আমরা তাদের পিছনের দিকে নিয়ে আসব, আর তাদের এখান দিয়ে নিয়ে যাব। সকলের জন্য প্রার্থনা করা হবে।

193 [কেউ ভাই ব্রানহামের সাথে কথা বলছেন—সম্পাদকীয়।] ওহ, না, না, আমি করিনি। ঠিক আছে, আপনি যখন মনে করেন। কোন ব্যাপার না। আপনি তাকে নিয়ে আসতে পারেন, অথবা আপনি... আমি পারি...তাকে এখনই নিয়ে আসুন, অথবা একটু পরে, যখন তিনি মনস্থ করেন, কোন ব্যাপার না।

194 এখন, এই পরবর্তী কয়েক মিনিটের জন্য আমরা যতটা পারি শান্ত হব। আমি চাই আপনারা সবাই এখন ভাবুন: এখন, বাইবেল কি—কি বলেছে? "বিশ্বাসের প্রার্থনা অসুস্থদের সুস্থ করবে।" কতজন জানেন এটা ঠিক? কতজন জানেন বাইবেল বলেছে, "আর যাহারা বিশ্বাস করে, এই চিহ্নগুলি তাহাদের অনুবর্ত্তী হইবে। আমি যে সকল কার্য্য করিতেছি, সেও করিবে"? আর এই কাজগুলি কি? তিনি বলেছেন, "আমি পারব যদি আপনারা বিশ্বাস করেন যে আমি এটা করতে সক্ষম।" এটা কি ঠিক?

আমার প্রশ্ন কি ছিল? "তারা আমাকে বিশ্বাস করবে না।"

তিনি বলেছিলেন, "এই চিহ্নগুলি তাদের বিশ্বাস করাবে।"

195 এখন, যদি আপনারা বিশ্বাস করেন, প্রস্তুত হন: এটি আপনাদের পরিত্রাণের সময়। ঠিক একই রকম যেমন পাপ থেকে হয়ে থাকে, তেমনি এটি একই ঈশ্বরের একই প্রতিশ্রুতি।

196 এখন, এখানে একজন অসুস্থ মহিলা আছেন, যার পেটের সমস্যায় রয়েছে, নিউ আলবেনিতে। আমরা প্রথমে তার জন্য প্রার্থনা করতে যাচ্ছি, যাতে তিনি তার—তার একটি আসন পান। এখন, শান্তভাবে, সকলে মিলে, এখন। আমি চাই ভাইরা আমাকে এখানে সাহায্য করুন। আসুন এখন প্রার্থনার জন্য আমাদের মাথা নত করি।

197 এখন, স্বর্গীয় পিতা, এটি আপনার বাক্য। এর উপর যে পদক্ষেপ নেওয়া হবে তার জন্য আমি দায়ী নই, তবে এটি প্রচার করার জন্য আমি দায়ী। আর এটি জেনে (আর এই জেনে যে আমি এখন একজন মধ্যবয়সী মানুষ, এবং কোন একদিন আপনার মুখোমুখি হতে হবে): আমি অন্তর থেকে সত্য প্রচার করেছি। আপনারা এটা

জানেন। কুসংস্কার নয়, যদি তাই হয়, প্রভু, তাহলে আমার অনুতাপ করা দরকার।

198 আর পিতা, আমি প্রার্থনা করি যেন আপনি সাহায্য করেন, এখন, যখন আমরা অসুস্থদের জন্য প্রার্থনা করতে যাই, আমার প্রার্থনার উত্তর যেন দেওয়া হয়, শুধু আমার প্রার্থনা নয়, প্রভু, কিন্তু এই মণ্ডলীর প্রার্থনা, এই লোকদের...যদি আমার স্ত্রী এখানে দাঁড়িয়ে থাকত? যদি এটি সে হত, হুইলচেয়ারে বসে? অথবা আমার বোন? আমার মা? হে, ঈশ্বর, এই লোকদের সুস্থ করুন। আপনি কি করবেন, প্রভু?

199 দেখুন, প্রার্থনার লাইনে দাঁড়ানো: হার্টের সমস্যা, ক্যান্সার, টিউমার, সকল ধরণের রোগ ও পীড়া। তাদের মধ্যে অনেকেই আসছেন (শত শত লোক আরোগ্যলাভ করেছেন, ঠিক এখান থেকে, প্রভু), আর তারা এটি দেখে, তারা এটি বিশ্বাস করে, আর তারা তাদেরটি গ্রহণ করতে প্রার্থনার লাইনে আসছেন। তারা এখন একটি জীবন্ত পাথরের কাছে আসছে, আপনার সেবকের কাছে নয়, কিন্তু আপনার পুত্র, যীশুর কাছে, যিনি মণ্ডলীর অগ্রণী, আমাদের মধ্যে আধ্যাত্মিক, রহস্যময় ব্যক্তি। আর আমরা যখন যাই, তাঁর নাম নিয়ে (আপনি বলেছেন, "তাহারা আমার নামে ভূত ছাড়াইবে।"), আমি প্রার্থনা করি আপনি আমাদের প্রার্থনার উত্তর দিবেন, যীশুর নামে। আমেন।

200 এখন, সকলে প্রার্থনায় থাকুন। এখন, এটিও আপনার অংশ। এই আপনার প্রার্থনা।

এখন এই মহিলাকে অবশ্যই মরতে হবে, যদি কিছু তাকে সাহায্য না করে।

201 ভাই স্ট্যাডস্কলেভকে কতজন চেনেন? ভাই ও বোন স্ট্যাডস্কলেভ? অন্য রাতে আমাকে জার্মানি থেকে তিনবার ফোন করা হয়েছিল; তাদের বাচ্চা মারা গেছে। তারা জিজ্ঞাসা করেছিল, "ভাই ব্রানহাম, আমরা আপনাকে দেখেছি, ঈশ্বরের আত্মার দ্বারা, মৃতদের পুনরুত্থিত করতে," (তারা উপস্থিত দাঁড়িয়ে এটি দেখেছিল। দেখুন?) "আর আমরা জানি যে আপনি প্রভুর একজন ভবিষ্যদ্বক্তা। শুধু বাক্য বলুন।"

আমি বললাম, "আমি এটা বলতে পারি না, যতক্ষণ না এটি আমার মুখে দেওয়া হয়।"

"জার্মানিতে আসুন।" আমি তাড়াতাড়ি উঠলাম। তারা ফোন করেছিল: "একটা জেট প্লেন আছে যেটা আপনাকে ছয় ঘন্টার মধ্যে

জার্মানিতে নিয়ে যেতে পারে।” একটি আর্মি জেট যা আমাকে একটি মৃত শিশুকে জীবিত করার জন্য জার্মানিতে নিয়ে যাবে। একটি আর্মি জেট আমাকে ছয় ঘণ্টার মধ্যে লুইসভিল থেকে জার্মানির মুনচেনে নিয়ে যাবে।

202 আমি সেখানে যাই, আর নতজানু হই, আমি বললাম, “পিতা, আমি কি বলব? আমার মুখে বলুন।” তিনি আমাকে উত্তর দিলেন না। আমি জঙ্গলে গিয়ে বললাম, “পিতা, আমি কি বলব? বাক্য আমার মুখে রাখুন। না হলে, আমি বৃথায় যাব।” আমি ফিরে গেলাম, তিনি আমাকে উত্তর দিলেন না। ভিতরে আসলাম। সারারাত আমি প্রার্থনা করলাম, “প্রভু, আমার মুখে বাক্য রাখুন।” কিছুই উত্তর দিল না।

203 পরের দিন সকালে আমার স্ত্রী উঠলেন। সে চলে যাওয়ার সাথে সাথে, বাক্য (আমি উঠে দাঁড়ালাম), তিনি বললেন, “এটিকে তিরস্কার করবে না। এটি প্রভুর হাত।” আহ-হাহ।

তারপর দ্রুত ফোনে: “আমি আসতে পারব না। না, এটা প্রভুর হাত। আমাকে নিষিদ্ধ করা হয়েছে।” সেই তিরস্কারে কি শক্তি আছে দেখুন? যখন ঈশ্বর বললেন, “তুমি সেটা করো না, কারণ এটা প্রভুর হাত।”

204 এখন, মোশি, এক সময়, তাকে কিছু না করতে বলা হয়েছিল, তিনি গিয়ে যেভাবেই হোক তা করেন। আপনাদের মনে আছে? তাই আমি—আমি যাইনি।

205 আর আমি আপনাদের দেখানোর জন্য চারটি ভিন্ন লোকের ঘোষণাপত্র আনতে পারি, যাদেরকে ডাক্তাররা মৃত ঘোষণা করেছেন, মৃত্যুকে তিরস্কার ও প্রার্থনা করার পরে। দেখুন? আমরা সেই জিনিসকে ধমক দিতে সেখানে দাঁড়াই। আর ঈশ্বর যদি আপনাকে কিছু করার ক্ষমতা দিয়ে থাকেন, তবে আপনি যা করছেন তাতে সতর্ক হওয়া ভালো। দেখুন? আপনাকে সতর্ক-...তিনি বললেন, “না...”

206 এখন, মনে রাখবেন, এটি আপনার সাথে এত নিবিড়ভাবে নিবন্ধিত নাও হতে পারে, কিন্তু আমার কাছে এর কিছু মানে আছে। দেখুন?

“একে তিরস্কার করবে না।” সত্যিকারের মিষ্টি, সদয় কন্ঠ (প্রায় সাড়ে ছয়টায়, আমি বিশ্বাস করি, সকাল সাড়ে ছয়টায়) বললেন, “একে তিরস্কার করবেন না। এটি প্রভুর হাত।”

আমি বললাম, "পিতা, আপনাকে ধন্যবাদ। ধন্যবাদ প্রভু। আমি এটি করবো না।"

207 যদি তিনি বলতেন, "একে তিরস্কার কর। এতে শত্রু ঢুকে পড়েছে।"

আমি বলতাম, "আসুন যাওয়া যাক।" আর এটি করা হত।

208 ফিনল্যান্ডের সেই ছোট্ট ছেলেটি যখন সেখানে শুয়ে ছিল, মৃত অবস্থায়, দলা পাকিয়ে, এমনকি তার শরীরে একটি হাড়ও অক্ষত ছিল না, প্রভু বললেন এটা শয়তানের হাত, বললেন, "এটিকে তিরস্কার কর।"

209 আর আমি বললাম, "মৃত্যু, তুই তাকে ধরে রাখতে পারবি না। তাকে ফিরিয়ে আন, তাকে ছেড়ে দে।" সেখানে, সে তার পায়ে উঠে দাঁড়ালো, সুস্থ হয়ে, তার শরীরের একটি হাড়ও ভাঙা ছিল না। এটা প্রভুর বাণী। প্রভুর বাক্য আমার কাছে না আসা পর্যন্ত আমি প্রভুর বাক্য ব্যবহার করতে পারি না।

210 কিন্তু শাস্ত্রে, প্রভুর বাক্য আমাকে এই অসুস্থ লোকদের জন্য প্রার্থনা করার কর্মভার দিয়েছে; তাদের জন্য, প্রার্থনা করার জন্য আপনাকে কর্মভার দিয়েছে। এখন, "বিশ্বাসের প্রার্থনা পীড়িত ব্যক্তিকে সুস্থ করিবে;" আসুন প্রার্থনা করি, আপনি আপনার মাথা নত করুন; আমরা দেখতে পাব তিনি কি বলেন, যখন আপনি এর মধ্যে দিয়ে যান।

211 আপনি একজন খ্রিস্টান, আপনি কি ? আপনি আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করেন যে যীশু আপনাকে ভাল করতে যাচ্ছেন ? বোন, আপনার পেটের সমস্যা রয়েছে; বছরের পর বছর ধরে এটা সহ্য করছেন। এখন, আপনি ভাল হতে যাচ্ছেন, যদি আপনি বিশ্বাস করেন।

212 এখন, হে প্রভু ঈশ্বর, আপনি তাকে সাহায্য না করলে এই যুবতীকে অবশ্যই মরতে হবে। এখন, আমি প্রার্থনা করি, আমি যখন তার দিকে তাকাই, আমি তার মৃত্যুর কোন কারণ দেখতে পাচ্ছি না।

আর আমি আমার আত্মায় অনুভব করছি, প্রভু, এটি আপনার অনুমোদিত ইচ্ছা, এখন, আমি এটিকে তিরস্কার করি: শয়তান, তাকে ছেড়ে দে!

যীশু খ্রীষ্টের নামে, তিনি সুস্থ হন, এই মণ্ডলীতে এসে ঈশ্বরের মহিমার সাক্ষ্য দেন। আমেন।

213 এখন, এটি যতটা সরল ছিল, ভদ্রমহিলা, আপনি সুস্থ হয়ে উঠবেন। আপনি কি বিশ্বাস করেন ভাই ?

আপনি কি এখানে বিশ্বাস করেন যে আপনি সুস্থ হতে যাচ্ছেন ? এখন যান, আপনি খেতে পারেন...তারপর, সব ঠিক হয়ে যাবে।

এখন, আপনি বিশ্বকে একটি স্ট্রোক দিতে চান, তাকে পঙ্গু করার জন্য; এটি আপনাকে একটি স্ট্রোক দিয়েছে, এবং আপনাকে পক্ষাঘাতগ্রস্ত করেছে। এখন, স্বর্গের ঈশ্বর যিনি পাপ ক্ষমা করার জন্য তাঁর স্ট্রোককে পৃথিবী থেকে সরিয়ে নেন, সেই একই নাম, আপনাকে পাপের ক্ষমা দিতে পারে, আপনাকে স্ট্রোক থেকে মুক্তি দিতে পারে এবং আপনাকে সুস্থ করতে পারে।

আপনি কি বিশ্বাস করেন তিনি সেই হৃদস্পন্দন ভালো করতে পারেন ? আপনি কি বিশ্বাস করেন, আপনি সুস্থ হয়ে যাবেন... ?...

214 প্রভু যীশু, এই দরিদ্র মহিলা তার বাকি জীবন এই চেয়ারে শুয়ে থাকবে আর তারপর তাকে দূরে নিয়ে যাওয়া হবে। কিন্তু আমরা প্রার্থনা করছি যেন তার কাছ থেকে শয়তানের এই শক্তি সরিয়ে ফেলা হয়। তিনি যেন জীবিত থাকতে পারেন এবং আগের মতো স্বাভাবিক ভাবে চলাফেরা করতে পারেন। আমরা যিশুর নামে এটি প্রার্থনা করি। আমেন।

215 আপনি কি বিশ্বাস করেন ? এটি একটি সমাপ্ত কাজ, এটি সম্পন্ন হয়েছে। কি ব্যাপার ? কোন ভয় নিয়ে নয়...ছিল না... ? আপনি একবার ক্যান্সার থেকে আরোগ্যলাভ করেছিলেন... ?...নম্র হন, যীশুকে সবকিছু দিয়ে দিন।

216 প্রভু যীশু, আমি এই মহিলার উপর আমার হাত রাখি এবং তার অসুস্থতাকে তিরস্কার করি। আমি জানি তিনি একজন খ্রিস্টান, আত্মাতে জন্ম নিয়েছেন। আমি যীশু খ্রীষ্টের নামে তার কাছ থেকে এটি সরিয়ে নিয়েছি। আমেন।

217 প্রভু ঈশ্বর, তার মূল্যবান ভাইয়ের জন্য, আমি যীশুর নামে তার পরিত্রাণ প্রার্থনা করি। তাঁর উপর আবস্থান করুন। আমেন। এটি করা হবে।

218 বালক, তুমি কি তোমার আরোগ্য গ্রহণ করতে প্রস্তুত ? ঠিক আছে, এটা তার হাতে চলে গেছে।

219 প্রভু যীশু, এই যুবকের উপর, যিনি বলেছেন, আপনার কাছ থেকে, সে তার আরোগ্যলাভের জন্য প্রার্থনা করছে। আপনার দাস হিসাবে, আমি যীশু খ্রীষ্টের নামে তার উপর আমার হাত রাখি... ?...আমেন।

এখন, শুধু কোনো... ?...এখন, আপনারা তাঁর নামে ডাকুন। এখন না—আমার কাছে নয়... ?...

220 পিতা ঈশ্বর, একমাত্র পুত্র যে মায়ের বুকে একসময় ছিল, তার মা তাকে আদর করত আর—আর তার সাথে প্রার্থনা করত, আর সে তার ছোট্ট হাতটি ধরেছিল যখন সে একটি ছোট শিশু ছিল। এখন, শয়তান তাকে একটি মানসিক অবস্থায় রেখেছে। ঈশ্বর, সে জীবিত ঈশ্বরের পবিত্র মণ্ডলীতে এসেছে, একটি মণ্ডলী যা ঈশ্বরের আত্মা দ্বারা জন্মগ্রহণ করেছে, একটি মণ্ডলী যেখানে ঈশ্বরের আত্মা বাস করেন এবং নিজেকে প্রকাশ করে তোলেন। আর আজ, প্রার্থনার মাধ্যমে, সেই অবস্থা থেকে আমরা এই নারীকে উদ্ধার প্রদান করি। যীশু খ্রীষ্টের নামে, আমরা প্রার্থনা করি। আমেন।

ঘরে ফিরে যান, আপনি ঠিক হয়ে গেছেন।

আসার জন্য আপনাকে ধন্যবাদ, আপনার মায়ের প্রার্থনা নিবেদনের জন্য; তিনি প্রকৃত সন্তান।

221 এটি আপনার পরিত্রাণের দিন। প্রভু যীশু, এই যুবতী মহিলার জন্য, তার স্বামীর পরিত্রাণের ও তার গলা আরোগ্যের জন্য, তিনি যেন যীশু খ্রীষ্টের নামে এটি গ্রহণ করতে পারেন, যিনি বলেছেন "আসো, এখন বিশ্বাস কর," আর এটি একটি সমাপ্ত ক্রিয়া।

222 প্রভু, ডাক্তাররা বলেছেন, প্রভু, এটি তার শরীরে, তার চোখে আসছে। এই পবিত্র মণ্ডলী প্রার্থনা করার সাথে সাথে তিনি এই বেদীর উপরে পরিত্রাণ লাভ করতে এসেছেন, আমি যীশু খ্রীষ্টের নামে তার পরিত্রাণের জন্য প্রার্থনা করি, এই আঘাত তার শরীর ছেড়ে চলে যাবে। এটি একটি সমাপ্ত কাজ।

তার পুত্রের জন্য, আমি এই রুমালটি আশীর্বাদযুক্ত করি। তার কানে শ্রবণশক্তি ফিরে আসুক... ?...

223 এখন মণ্ডলী কথা বলছে; এখন মণ্ডলী হল খ্রীষ্টের রহস্যময় দেহ। আমরা সকলে আপনার জন্য প্রার্থনা করছি। দেখুন ? আমরা আর—আমরা আর পৃথিবীর বলে দাবি করি না। আমরা কোথায় যাচ্ছি সেই ভাবনার বিষয়ে কথা বলছি না। আমরা সেই পথ খুঁজে পেয়েছি। আমাদের সেই পথেই জন্ম হয়েছে। আমরা জীবিত ঈশ্বরের মণ্ডলী (এর অংশ); অবশ্যই, এটি সারা বিশ্বে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। কিন্তু এটা তাদের মণ্ডলী। আজ, আমরা একসাথে তাঁর নামে এসেছি। তিনি যা বলেছেন, আমরা তাই করতে এসেছি। আমরা যখন একসাথে আসি তখন তিনি যা প্রকাশ করতে পারেন না।

অসুস্থদের জন্য প্রার্থনা করুন, তাদের উপর হাত রাখুন, “বিশ্বাসের প্রার্থনা অসুস্থদের রক্ষা করবে।”

224 আপনার হৃদকষ্ট যেন আপনাকে ছেড়ে যায়। যীশু খ্রীষ্টের নামে, ঈশ্বর আমাকে যে দায়িত্ব দিয়েছেন তা আমি পালন করছি... ?...

***সেই দিন কালভেরীতে*** BEN60-0925

(That Day On Calvary)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় রবিবার সকালে, ২৫ সেপ্টেম্বর, ১৯৬০ খ্রীষ্টাব্দে, জেফারসনভিল, ইন্ডিয়ানা, মার্কিন যুক্তরাষ্ট্রের ব্রানহাম ট্যাবারনেকেলে প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2023 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

## সত্ত্বাধিকার বিজ্ঞপ্তি

**সমস্ত অধিকার সংরক্ষিত।** যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস

পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org